৩বাংলাদেশ বেতার

# Daily Monitoring Report

**Directorate of Monitoring**

**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmrbbd@gmail.com

Magh 02, 1430 Bangla, January 16, 2024, Tuesday, No. 16, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina directs authorities concerned to take effective measures to keep commodity prices within people's reach. Adds, everyone should be vigilant so that none can anger people against govt. through increasing price of products by plotting. (R. Today: 17)

Foreign Minister Hasan Mahmud rejects the possibility of engaging in discussions with those who instigate violence & anarchy in country. (VOA: 11)

BD govt says, the statement of UN Human Rights Chief on elections in BD is biased & pre-planned. It misrepresents the reality on the ground, one-sided & biased assessments to politicise human rights. (R. Today: 16)

BNP SJSG claims, PM Sheikh Hasina was doing politics by wearing an attire of malice - alleges Begum Khaleda Zia was not getting proper medical treatment, govt. had snatched away her human rights. (R. Today: 16)

Many top leaders & heavyweight candidates of AL lost to independent candidates of the party even with boat symbol. Some of them are claiming that they lost to irregularities, black money & muscle power. (BBC: 05)

A week has passed since elections were held, but still conflicts are happening at the grassroots of ruling AL. 3 people have died & two hundred others injured in more than one hundred violent incidents. (BBC: 03)

NDM Chairman Bobby Hajjaz says there was no election. It was a selection by Awami League chief. So it can't be put in any election criteria. (VOA: 10)

HC orders to investigate the death of Ayan following circumcision at United MCH & submit a report within 7 days. Meanwhile, DGHS orders the closure of the hospital's healthcare activities in this incident. (BBC: 04; R. Today: 16)

HC expresses its displeasure over the attending of a Chhatra Dal leader at his father's funeral wearing chain after being released on parole. Adds, if such incidents happen one after another, we can become a barbaric nation. (R. Today: 18)

Transgenders feel that they are not able to advance in politics due to lack of goodwill of parties and socio-religious negative attitude. (VOA: 08)

A Myanmar insurgent group has claimed to take control of a town in the Rakhine region on the Bangladesh-India border in western Myanmar. (R. Today: 15)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০২, বাংলা ১৪৩০, জানুয়ারি ১৬, ২০২৪, মঙ্গলবার, নং- ১৬, ৫৪তম বছর**

# শিরোনাম

খাদ্যমূল্যের সঙ্গে সামঞ্জস্য করে ভোক্তার উপর চাপ কমাতে দ্রুত ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, চক্রান্ত করে পণ্যের দাম বাড়িয়ে সরকারের বিরুদ্ধে জনগণকে যাতে কেউ বিক্ষুব্ধ করতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। (রে. টুডে: ১৭)

দেশে সহিংসতা ও নৈরাজ্য সৃষ্টিকারীদের সঙ্গে আলোচনায় বসার সম্ভাবনা প্রত্যাখ্যান করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, বৈধ রাজনীতি করার পরিবর্তে যারা মানুষকে জীবন্ত পুড়িয়ে দেয় এবং নৈরাজ্য উস্কে দেয় তাদের সঙ্গে সংলাপ অর্থহীন। (ভোয়া : ১১)

জাতীয় সংসদ নির্বাচন নিয়ে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধানের বিবৃতি পক্ষপাতদুষ্ট ও পূর্ব পরিকল্পিত বলে মন্তব্য করেছে বাংলাদেশ সরকার। বিবৃতিতে মাঠ পর্যায়ের বাস্তবতাকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে, যা মানবাধিকারকে রাজনৈতিক হাতিয়ার করার জন্য একপেশে ও পক্ষপাত দুষ্ট মূল্যায়নের পুনরাবৃত্তি মাত্র।(রে. টুডে: ১৬)

বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা হিংসার পোশাক পরে রাজনীতি করেন। বেগম জিয়া জামিন পাচ্ছেন না, এমনকি তার চিকিৎসা নেওয়ার মতো মানবিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। (রে. টুডে: ১৬)

সদ্য সমাপ্ত জাতীয় নির্বাচনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির অনেক শীর্ষ নেতা ও হেভিওয়েট প্রার্থী নৌকা প্রতীক নিয়েও হেরেছেন দলের স্বতন্ত্র প্রার্থীদের কাছে। পরাজয়ের পর নির্বাচনে অনিয়ম, কালো টাকা ও পেশিশক্তির কাছে হেরেছেন বলেও তাদের কেউ কেউ দাবি করেছেন। (বিবিসি: ০৫)

সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার এক সপ্তাহ পেরিয়ে গেছে, কিন্তু এখনো দেশের বিভিন্ন জায়গায় ক্ষমতাসীন আওয়ামী লীগের তৃণমূলে কোন্দল এবং সংঘাতের ঘটনা ঘটছে। দেশের বিভিন্ন স্থানে ছোট বড় মিলিয়ে একশোরও বেশি সহিংস ঘটনায় এ পযর্ন্ত তিন জনের মৃত্যু এবং দুই শতাধিক মানুষ আহত হয়েছে। (বিবিসি: ০৩)

এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ বলেছেন, কোনো নির্বাচন হয়নি। এটি ছিল আওয়ামী লীগ সভাপতির সিলেকশান। তাই এটাকে কোনো নির্বাচনী মাপকাঠিতে রাখা যাবে না। (ভোয়া : ১০)

রাজধানীর বাড্ডা এলাকায় ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে সুন্নতে খাতনা করাতে গিয়ে শিশু আয়ানের মৃত্যুর ঘটনা তদন্ত করে সাত দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এদিকে, এ ঘটনায় হাসপাতালটির স্বাস্থ্যসেবা কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। (বিবিসি: ০৪; রে. টুডে: ১৬)

প্যারোলে মুক্তি পেয়ে ডাণ্ডাবেড়ি পরা অবস্থায় পটুয়াখালীর ছাত্রদল নেতার বাবার জানাজায় অংশ নেওয়ার ঘটনায় অসন্তোষ প্রকাশ করেছে হাইকোর্ট। বলেছেন একের পর এধরনের ঘটনা ঘটতে থাকলে আমরা অসভ্য জাতি পরিণত হতে পারি। (রে. টুডে: ১৮)

দলগুলোর সদিচ্ছার অভাব ও সামাজিক-ধর্মীয় নেতিবাচক দৃষ্টিভঙ্গীর কারণে রাজনীতিতে এগিয়ে যেতে পারছে না ট্রান্সজেন্ডরা, এমনটা মনে করছেন তারা। (ভোয়া : ০৮)

মিয়ানমারের পশ্চিমে বাংলাদেশ ও ভারত সীমান্তের রাখাইন অঞ্চলের একটি শহর নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করেছে মিয়ানমারের একটি বিদ্রোহী গোষ্ঠী একটি বিদ্রোহী গোষ্ঠী। (রে. টুডে: ১৫)

# বিবিসি

## নৌকা বনাম স্বতন্ত্র, সহিংসতা থামাতে কী করবে আওয়ামী লীগ?

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার এক সপ্তাহ পেরিয়ে গেছে, কিন্তু এখনো দেশের বিভিন্ন জায়গায় ক্ষমতাসীন আওয়ামী লীগের তৃণমূলে কোন্দল এবং সংঘাতের ঘটনা ঘটছে। গত এক সপ্তাহে দেশের বিভিন্ন স্থানে ছোট বড় মিলিয়ে একশোরও বেশি সহিংস ঘটনায় এ পযর্ন্ত তিন জনের মৃত্যু এবং দুই শতাধিক মানুষ আহত হওয়ার খবর পাওয়া যাচ্ছে। প্রায় সবক'টি সংঘাতের ঘটনাই ঘটেছে নৌকা প্রতীক এবং স্বতন্ত্র প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে, যারা প্রায় সকলেই ক্ষমতাসীন দল আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃস্থানীয় সদস্য। কিন্তু এখনো দলটির কেন্দ্রীয় নেতৃত্বের পক্ষ থেকে স্থানীয় পর্যায়ের এসব সংঘাত নিরসনে দৃশ্যমান কোনো পদক্ষেপ দেখা যায়নি। তবে, আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা আ ফ ম বাহাউদ্দিন নাসিম বিবিসি বাংলাকে বলেছেন, "ভোটে জয় বা পরাজয়ের কারণে কোনো ধরনের উস্কানিমূলক বা একজন আরেকজনের ওপর হামলা ও সন্ত্রাসী কর্মকাণ্ড করা যাবে না, এ নিয়ে দলের স্পষ্ট নির্দেশনা রয়েছে।"

এদিকে, বিএনপিবিহীন নির্বাচনে নিজ দলের মধ্যে সংঘাত ও সংঘর্ষে আওয়ামী লীগের তৃণমূলে যে সংকট তৈরি হয়েছে তা আরও ছড়িয়ে পড়তে পারে এমন আশঙ্কা করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। এবারের নির্বাচনে অন্তত ২২০টি আসনে সাড়ে তিনশোর বেশি স্বতন্ত্র প্রার্থী ছিলেন। এরমধ্যে ৬২ আসনে স্বতন্ত্র প্রার্থীরা জিতেছেন, অনেক আসনেই হেরেছেন নৌকা প্রতীকের প্রার্থীরা। ভোটে জয়ের পর কোনো কোনো প্রার্থীর বিরুদ্ধে প্রতিপক্ষের ওপর হামলার অভিযোগ উঠেছে।

সাতই জানুয়ারির নির্বাচনে নেত্রকোনা-৩ আসনে পরাজিত হয়েছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির নেতা অসীম কুমার উকিল। স্বতন্ত্রভাবে নির্বাচনে জয়ী হয়ে ইফতিকার উদ্দিন তালুকদারের কর্মী সমর্থকরা মিছিল বের করলে তাতে হামলা চালানো হয় বলে তিনি অভিযোগ করেছেন। হামলা করার অভিযোগ ওঠে প্রতিপক্ষ অসীম কুমার উকিলের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। এতে আহত হয়ে পরদিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে একজন মারা যান। তবে, অসীম কুমার উকিল বিবিসি বাংলার কাছে দাবি করেছেন, "বিভিন্ন জায়গায় তারা আমার কর্মী সমর্থকদের ওপর হামলা নির্যাতন করছে।" নেত্রকোনার পুলিশ সুপার ফয়েজ আহমেদ বিবিসিকে বলেছেন, হামলার ঘটনায় মামলা হয়েছে। তিনি বলেন, "কয়েকজন আসামি গ্রেফতার করা হয়েছে। মূল আসামিকে ধরার জন্য চেষ্টা করছি আমরা। নির্বাচনের সহিংসতার ঘটনায় শক্ত অবস্থান নিতে আমাদেরকে বলা হয়েছে। আমরা ব্যবস্থা নিচ্ছি।" এছাড়া, নির্বাচন পরবর্তী সহিংসতার আরেক ঘটনায় ১৪ই জানুয়ারি নোয়াখালীতে একজন মারা গেছেন। নোয়াখালী-২ আসনে আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে স্বতন্ত্রভাবে নির্বাচন করা আতাউর রহমান ভূঁইয়ার একজন পোলিং এজেন্টকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছেন ওই স্বতন্ত্র প্রার্থী।

এর আগে, ঝিনাইদহে একজন আওয়ামী লীগ কর্মীর মৃত্যুর ঘটনা ঘটেছে। গণমাধ্যমের খবর বলছে, নিহত ব্যক্তি ঝিনাইদহ-২ আসনে পরাজিত নৌকার প্রার্থী তাহজীব আলম সিদ্দিকীর সমর্থক ছিলেন।নির্বাচনের পর গত এক সপ্তাহে সারাদেশের বিভিন্ন জেলায় শতাধিক সহিংসতার খবর পাওয়া যাচ্ছে। এতে অন্তত দুইশো মানুষ আহত হয়েছে বলে বলছে দেশের গণমাধ্যমগুলো। সহিংসতার খবর বেশি পাওয়া যাচ্ছে মুন্সিগঞ্জ, ঝিনাইদহ, মানিকগঞ্জ, কুষ্টিয়া, নোয়াখালী, রাজশাহী, পিরোজপুর, খুলনাসহ বেশ কয়েকটি জেলায়। মানবাধিকার পর্যবেক্ষণকারী সংস্থা হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির এক রিপোর্টে বলা হচ্ছে এখন পর্যন্ত ঝিনাইদহে ৪০টি, মাদারীপুরের কালকিনি ও কাউয়াকুড়ির ৪০টি, সিরাজগঞ্জের বেলকুচিতে ২০টি সহিংসতার ঘটনা ঘটেছে। ঐ জায়গাগুলোর কোথাও দোকান, বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনার কথাও বলছে সংগঠনটি। এছাড়াও পিরোজপুর, নেত্রকোনা, সাতক্ষীরা, গাজীপুর, গাইবান্ধা, খুলনা, নাটোর, নারায়ণগঞ্জ, ধামরাই, কুষ্টিয়া, মুন্সিগঞ্জ, পটুয়াখালী এবং রাজশাহীর বিভিন্ন জায়গার হামলা সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসব সংঘাতের একক নির্দিষ্ট কারণ চিহ্নিত করা যায়নি, তবে বিবদমান পক্ষগুলোর প্রায় সবাই পরস্পরকে পাল্টা দোষারোপ করেছেন। এখনো বিবাদ ও সহিংসতা চলছে এমন কয়েকটি আসনের প্রার্থীদের সাথে কথা বলেছে বিবিসি বাংলা। তাদের মধ্যে কেউ কেউ বিবিসির কাছে পরস্পরকে পাল্টাপাল্টি দোষারোপ করে বক্তব্য দিয়েছেন। তবে অনেক জায়গায় উভয় পক্ষের সাথে যোগাযোগ করেও প্রার্থীদের সকলের বক্তব্য পাওয়া সম্ভব হয়নি ।

এই মুহূর্তে যে সব জায়গায় নির্বাচনি সহিংসতা চলছে তার মধ্যে মানিকগঞ্জ-২ আসন অন্যতম। এ আসনে আওয়ামী লীগের নৌকা প্রতীকের প্রার্থী কণ্ঠশিল্পী মমতাজ বেগমকে হারিয়ে নির্বাচনে জয়ী হন আওয়ামী লীগ নেতা স্বতন্ত্র প্রার্থী দেওয়ান জাহিদ আহমেদ। মমতাজ বেগম বিবিসি বাংলাকে বলেছেন, নির্বাচনে হারার পর প্রতিপক্ষ স্বতন্ত্র প্রার্থীর কর্মী সমর্থকরা মানিকগঞ্জের বিভিন্ন জায়গায় নৌকার সমর্থক নেতাকর্মীদের ওপর হামলা ও নির্যাতন চালাচ্ছে। "নৌকার পক্ষে যারা কাজ করেছে তারা কেউ বাড়ি ঘরে থাকতে পারছে না।" এ নিয়ে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর কাছে

অভিযোগ করেছেন বলেও জানান বিবিসিকে। যদিও এ অভিযোগ নাকচ করে দেওয়ান জাহিদ আহমেদ বিবিসিকে বলেছেন, "নির্বাচনের পর উনি (মমতাজ বেগম) আমাদের নেতাকর্মীদের ঘর থেকে ধরে ধরে এনে মারতে বলছেন। আমাদের কাছে প্রমাণ আছে। এখন পর্যন্ত পাঁচ থেকে সাতজনকে মারধর করা হয়েছে।" মুন্সিগঞ্জ-৩ আসনে পরাজিত আওয়ামী লীগ প্রার্থী মৃণাল কান্তি দাস বিবিসির কাছে অভিযোগ করেছেন, "ভোটের পর থেকেই প্রতিপক্ষ স্বতন্ত্র প্রার্থীর সমর্থকরা নৌকা প্রার্থীর সমর্থকদের ওপর হামলা নির্যাতন চালাচ্ছে। এ কারণে ভয়ে অনেকে ঘর বাড়ি ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে।" মি. দাসের প্রতিপক্ষ ওই আসনের বিজয়ী প্রার্থী আওয়ামী লীগ নেতা মোহাম্মদ ফয়সালের সাথে এ নিয়ে যোগাযোগের চেষ্টা করেও তার বক্তব্য পাওয়া যায়নি। নির্বাচন শেষ হয়ে গেছে, বিজয়ী সংসদ সদস্যরা শপথ নিয়েছেন, মন্ত্রিসভাও গঠিত হয়েছে। কিন্তু এখনো বিভিন্ন জায়গায় সংঘাত এবং সহিংস ঘটনা ঘটার কারণ কী? এ নিয়ে আওয়ামী লীগের বিবদমান পক্ষগুলোর কেউই সন্তোষজনক জবাব দেননি। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন, স্থানীয় পর্যায়ে নিজেদের প্রভাব বিস্তারের উদ্দেশ্যেই এ ধরনের সংঘাতের ঘটনা ঘটছে। নির্বাচন ও রাজনৈতিক বিশ্লেষক তোফায়েল আহমেদ বলছেন, "ভোট তো শেষ, এখন কেন মারামারি হবে। আসলে সবাই চায় কর্তৃত্ব ধরে রাখতে। যদি এই নির্বাচনে বিরোধীদল থাকতো তখন বলা হতো এই সংঘাত বিরোধী দলের কারণে হয়েছে। যতটা সহিংসতা বিরোধী দলের জন্য হয়েছে তার চেয়ে বেশি সহিংসতা হচ্ছে আওয়ামী লীগের নিজ দলের মধ্যে," তিনি বলেন। তিনি মনে করেন, তৃণমূলের এই সংঘাত শিগগিরই থামবে না।

এ নির্বাচনে অংশ নেয়নি বিএনপি ও তাদের মিত্র জোটের রাজনৈতিক দলগুলো। বিএনপি নির্বাচনে অংশ না নেয়ায় সাধারণ ভোটারদের আগ্রহ ছিল কম। তাই নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করতে নিজ দলের আগ্রহীদের স্বতন্ত্রভাবে নির্বাচনে অংশ নিতে উৎসাহিত করে আওয়ামী লীগ। ফল হিসেবে সারাদেশে দুইশোরও বেশি আসনে স্বতন্ত্রভাবে প্রার্থী হয়েছিলেন আওয়ামী লীগের স্থানীয় নেতা ও কেন্দ্রীয় কমিটির কেউ কেউ। এর মধ্যে ৬২টি আসনে স্বতন্ত্র প্রার্থীরা জয় পায় নৌকার প্রার্থীদের হারিয়ে। মূলত যে সব আসনে নৌকা ও স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে হাড্ডাহাড্ডি প্রতিযোগিতা হয়েছে, সে সব জায়গায় সংঘর্ষও বেশি হয়েছে। তাহলে কী এই নির্বাচন নতুন করে তৃণমূলে সংকট বাড়ালো? আর সংঘাত এবং সহিংসতা থামাতে কী করবে ক্ষমতাসীন দলটি?

আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা আ ফ ম বাহাউদ্দিন নাসিম মনে করেন, বাংলাদেশের নির্বাচনের ইতিহাস ঘাটলে দেখা যাবে নির্বাচনে সংঘাত-সহিংসতা হয়, তবে অতীতের তুলনায় এবার অনেক কম হয়েছে। তিনি বিবিসি বাংলাকে বলেছেন, "নির্বাচনে হার-জিত থাকবেই। ভোটে জয় বা পরাজয়ের কারণে কোন ধরনের উস্কানিমূলক বা একজন আরেকজনের ওপর হামলা ও সন্ত্রাসী কর্মকাণ্ড করা যাবে না, এ নিয়ে দলের স্পষ্ট নির্দেশনা রয়েছে।" যদিও এখনো পর্যন্ত দলটির কেন্দ্রীয় নেতৃত্বের পক্ষ থেকে স্থানীয় পর্যায়ের এসব সংঘাত নিরসনে কোনো পদক্ষেপ দেখা যায়নি। আ ফ ম বাহাউদ্দিন নাসিম বলেন, এই ধরনের ঘটনায় দল হিসেবে আওয়ামী লীগ ক্ষতিগ্রস্ত হয়নি, হবে না।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, অতীতের নির্বাচনগুলোতে দলের কেউ স্বতন্ত্র প্রার্থী হলে তাকে দল থেকে বহিষ্কার করা হতো। ফলে দলীয় কর্মীরা নৌকার প্রার্থীর পক্ষেই অবস্থান নিতো। তৃণমূল আওয়ামী লীগে তার খুব একটা প্রভাব পড়তো না। কিন্তু এবার নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করতে দলের আগ্রহী প্রার্থীদের স্বতন্ত্রভাবে নির্বাচনে অংশ নিতে উৎসাহিত করে আওয়ামী লীগ। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ মনে করেন, নির্বাচনকে গ্রহণযোগ্য করতে এ কৌশল নিয়েছিলো আওয়ামী লীগ। কিন্তু এ কৌশলের কারণে তৃণমূল আওয়ামী লীগে বিরোধ বাড়ছে। তবে, নির্বাচনী এই সহিংসতায় জাতীয় পর্যায়ের সরকার বা আওয়ামী লীগের উচ্চ পর্যায়ে বড় কোনো ক্ষতি হবে বলে মনে করেন না বিশ্লেষক তোফায়েল আহমেদ। তিনি বিবিসি বাংলাকে বলেন, "ভোট তো এখন নাই এখন কেন মারা যাচ্ছে মানুষ? সহিংসতা শুধু নির্বাচনের দুই তিন দিনের বিষয় না।" তিনি বলছেন, "স্থানীয় পর্যায়ে নতুন করে যে বিরোধটা চাঙ্গা করে দেয়া হয়েছে, এটা সহজে কমবে না, বরং আরও বাড়তে পারে।" (বিবিসি ওয়েব পেজ :১৫.১.২৪ রিহাব)

## বাড্ডার ইউনাইটেড হাসপাতাল বন্ধ, যা বলছে কর্তৃপক্ষ

খতনার জন্য অজ্ঞান করার পর এক শিশুর মৃত্যুর ঘটনায় রাজধানীর সাতারকুলের ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্যসেবা কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালটিতে আয়ান আহমেদ নামে এক শিশুর মৃত্যুর পর তার বাবার অভিযোগের প্রেক্ষিতে অধিদপ্তরের কর্মকর্তারা গত ১০ই জানুয়ারি মেডিকেল কলেজ হাসপাতালটি পরিদর্শন করেন। সেখানে গিয়ে দেখা যায়, নিবন্ধন ছাড়াই এতদিন চলছিলো প্রতিষ্ঠানটি। এমন কী এই নামে কখনো নিবন্ধনের আবেদনও করা হয় নি। তাদের রিপোর্ট অনুযায়ী গতকাল রোববার হাসপাতালটি বন্ধ ঘোষণা করে স্বাস্থ্য অধিদপ্তর। তবে হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, যথাযথ নিয়ম মেনে মূল প্রতিষ্ঠান ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে নিবন্ধন আবেদন করা হয়েছিলো। যেটি বর্তমানে প্রক্রিয়াধীন। আর মেডিকেল কলেজ চালুর পরই সেখানে চিকিৎসা সেবা দেয়া শুরু হয়েছিলো,। রোববার স্বাস্থ্য অধিদপ্তর বিজ্ঞপ্তি দিয়ে হাসপাতাল কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা আছে, স্বাস্থ্য অধিদপ্তর হাসপাতালটি পরিদর্শন কালে কর্তৃপক্ষ যথাযথ লাইসেন্স দেখাতে ব্যর্থ হয়।

এছাড়াও অনলাইন ডাটাবেজ পর্যালোচনা এবং পরিদর্শনকালে সংশ্লিষ্ট কাগজপত্রাদি যাচাই বাছাই করে দেখা যায় যে, ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতাল, ইউনাইটেড সিটি, সাতারকুল বাড্ডা ঢাকা নামে কোন প্রতিষ্ঠান স্বাস্থ্য অধিদপ্তরের নিকট নিবন্ধন/লাইসেন্স প্রাপ্তির জন্য কখনোই অনলাইন আবেদন করে নাই। সেখানে আরও বলা আছে, প্রতিষ্ঠানটি কোন প্রকার আইনানুগ নিবন্ধন অথবা লাইসেন্স ব্যতিরেকে চিকিৎসা সেবা নির্মাণাধীন ভবনে পরিচালনা করে আসছে যা সরকারের প্রচলিত আইনের পরিপন্থি।

এমতাবস্থায় স্বাস্থ্য অধিদপ্তরের নিবন্ধন/লাইসেন্স প্রাপ্ত না হয়ে কার্যক্রম পরিচালনা করায় দ্য মেডিকেল প্র্যাকটিস অ্যান্ড প্রাইভেট ক্লিনিকস অ্যান্ড ল্যাবরেটরিস (রেগুলেশন) অর্ডিন্যান্স ১৯৮২ অনুযায়ী ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতাল, ইউনাইটেড সিটি, সাতারকুল, বাড্ডা, ঢাকা নামক প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধের আদেশ প্রদান করা হলো। তবে হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, যথাযথ নিয়ম মেনে মুল প্রতিষ্ঠান ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে নিবন্ধন আবেদন করা হয়েছে। যেটি বর্তমানে প্রক্রিয়াধীন। আর মেডিকেল কলেজ চালুর পরই সেখানে চিকিৎসা সেবা দেয়া শুরু হয়েছে,।

ইউনাইটেড হাসপাতালের পাবলিক রিলেশন ও কমিউনিকেশন ম্যানেজার আরিফুল হক বিবিসি বাংলাকে বলেন, `নিবন্ধনের জন্য করা আমাদের আবেদনটি যে ত্রুটিযুক্ত এ বিষয়ে কোন চিঠি বা নোটিশ আমাদের আগে থেকে দেয়নি স্বাস্থ্য অধিদপ্তর,। `আমরা গণমাধ্যমে চিঠির একটা কপি দেখেছি। আমরা অফিসিয়ালি এই চিঠিটা এখনো রিসিভ করিনি। আমরা পেলে পরবর্তী যে নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে, বলছিলেন মি. হক। তিনি বিবিসি বাংলাকে বলেন, `আমরা আবেদন করেছিলাম ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে। আমাদের প্রতিষ্ঠানের নাম ছিল ইউনাইটেড মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটাল। কিন্তু নিবন্ধনের অ্যাপ্লিকেশন করেছিলাম ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে। সেটি আমাদের মাদার কোম্পানি। সেক্ষেত্রে গণমাধ্যমে ডিজি হেলথ থেকে এখন বলছে এটি ত্রুটিপূর্ণ,। `আমরা যদি জানতাম এটা ত্রুটিপূর্ণ তাহলে অবশ্যই আমরা ত্রুটি ঠিক করার জন্য ব্যবস্থা নিতাম। যেহেতু স্বাস্থ্য অধিদপ্তর আমাদের রেগুলেটরি বডি সেহেতু ওনাদের সব নির্দেশনা আমরা মেনে চলবো। ত্রুটির বিষয়টা সবার প্রথম গণমাধ্যমে এসেছে, তারপর আমাদের কাছে চিঠি এসেছে। সংশোধনের জন্য অবশ্যই আমরা কাজ করবো,।

এমন অবস্থায় কি বন্ধ থাকবে স্বাস্থ্য সেবা বা শিক্ষা কার্যক্রম? এমন প্রশ্নের জবাবে আরিফুল হক বলেন, `মেডিকেল কলেজ ও হাসপাতাল যেহেতু সে কারণে মেডিকেল কলেজের স্টুডেন্টদের ব্যবহারিক ক্লাস হতো। পাশাপাশি এলাকার লোকজন ওপিডি, আইপিডি ও এমার্জেন্সি সেবাটা গ্রহণ করতো। অবশ্যই আমরা সকল প্রস্তুতি নিয়ে অপারেশন রান করার জন্য যা যা করার তাই করবো,।

গত ৩১শে ডিসেম্বর খতনার জন্য শিশু আয়ানকে ইউনাইটেড হাসপাতালে নেয়া হয়। অজ্ঞান করে খতনা করার পর আর শিশুটির চেতনা না ফেরায় তাকে গুলশানে অবস্থিত ইউনাইটেড হাসপাতালের আইসিইউতে লাইফ সাপোর্টে রাখা হয়। সেখানেই গত ৭ই জানুয়ারি মারা যায় শিশু আয়ান। এই ঘটনায় দেশজুড়ে নানা সমালোচনা তৈরি হয়। শিশু সন্তানের এমন মৃত্যুর ঘটনায় আয়ানের বাবা শামীম আহমেদ বাড্ডা থানায় একটি মামলা দায়ের করেন। ঐ মামলায় আসামি করা হয় হাসপাতালের অ্যানেস্থিওলজিস্ট সাইদ সাব্বির আহমেদ, সার্জারি বিভাগের চিকিৎসক তাসনুভা মাহজাবিন অজ্ঞাতনামা পরিচালকসহ কয়েকজনকে আসামি করা হয় সেখানে। এই ঘটনায় গত মঙ্গলবার হাইকোর্টে রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী এবি এম শাহজাহান আকন্দ। এতে শিশু আয়ানের মৃত্যুর কারণ অনুসন্ধান করে সাত দিনের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশনা চেয়েছিলেন ঐ আইনজীবী। ওই চিকিৎসককে গ্রেফতারসহ ছয় দফা দাবিতে গত বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের সামনে মানববন্ধন করে আয়ানের স্বজন ও এলাকার বাসিন্দারা।

(বিবিসি ওয়েব পেজ : ১৫.১.২৪ রিহাব)

## নির্বাচনে যেসব অনিয়ম দেখছেন নৌকার পরাজিত প্রার্থীরা

বাংলাদেশের সদ্য সমাপ্ত জাতীয় নির্বাচনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির অনেক শীর্ষ নেতা ও হেভিওয়েট প্রার্থী নৌকা প্রতীক নিয়েও হেরেছেন দলের স্বতন্ত্র প্রার্থীদের কাছে। পরাজয়ের পর তাদের কেউ কেউ অভিযোগ তুলছেন ভোটের ফলাফল কারসাজির। নির্বাচনে অনিয়ম, কালো টাকা ও পেশিশক্তির কাছে হেরেছেন বলেও তাদের কেউ কেউ দাবি করেছেন। পরাজিত নেতারা অভিযোগ করেছেন, অন্য কোন দল বা প্রার্থী নয়; ”নির্বাচনে আওয়ামী লীগের লোকই নৌকাকে আঘাত করেছে।„

রাজনৈতিক বিশ্লেষকদের বক্তব্য হচ্ছে, এবার অনেকে হেরে গিয়ে যে ধরনের অভিযোগ করছেন, 'গত সংসদ নির্বাচনে তাদের অনেকেই একই কৌশল করে ভোটে জিতেছিলো'। বিশ্লেষক মহিউদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেন, `এই নির্বাচনে অনেক জায়গায় কেন্দ্র থেকে কোনো হস্তক্ষেপ করা হয়নি। ফলে যে প্রার্থীদের পেশিশক্তি ও লোকবল বেশি ছিলো, সেখানে তারা ইচ্ছেমতো নির্বাচনকে ম্যানুপুলেট করেছে। ফলে আওয়ামী লীগের হেভিওয়েট প্রার্থীদের অনেকেই হেরেছে,। তবে দলীয় প্রার্থীদের এই অভিযোগকে খুব একটা গুরুত্ব দিচ্ছে না ক্ষমতাসীনরা। দলের যুগ্ম

সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম বিবিসি বাংলাকে বলেন, 'যখন কোন প্রার্থী হেরে যায় তখন তারা নানা মনগড়া কথা বলেন। এটা রাজনৈতিক সংস্কৃতিরই অংশ,।

মুন্সীগঞ্জে স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ ফয়সালের কাছে হেরেছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির মুক্তিযুদ্ধবিষয়ক সম্পাদক ও প্রভাবশালী নেতা মৃণাল কান্তি দাস। তিনি বিবিসি বাংলাকে বলেন, `নির্বাচনের আগে থেকেই লাগাতার সন্ত্রাস সৃষ্টি করা হয়েছে। ভোটারদের কেন্দ্রে যেতে বাধা দিয়ে জনগণের ভোটাধিকার হরণ করা হয়েছে। জনগণ আমাকে ভোট দিলেও ফলাফলে তা প্রতিফলিত হয় নি। তাই এই নির্বাচনের ফলাফল আমি প্রত্যাখ্যান করেছি,। এই আসন থেকে বিজয়ী প্রার্থী মোহাম্মদ ফয়সালের সাথে ফোনে যোগাযোগের চেষ্টা করে বিবিসি বাংলা। তবে তাকে ফোনে পাওয়া যায়নি। প্রায় একই রকমের অভিযোগ আলোচিত সংসদ সদস্য কণ্ঠশিল্পী মমতাজ বেগমেরও। মানিকগঞ্জ-২ আসনে এবার তিনি হেরেছেন দলের স্বতন্ত্র প্রার্থী দেওয়ান জাহিদ আহমেদ টুলুর কাছে। বিবিসি বাংলাকে মমতাজ বেগম বলেন, `আমি শিল্পী মানুষ। দীর্ঘদিন জামায়াত বিএনপির টার্গেট ছিলাম। আমাকে এখান থেকে সরানোর জন্য অনেক বড় ধরনের ষড়যন্ত্র হয়েছে। ভোটের এই ফলকে আমার কাছে স্বাভাবিক মনে হচ্ছে না।, মমতাজকে হারিয়ে এই আসন থেকে বিজয়ী স্বতন্ত্র প্রার্থী দেওয়ান জাহিদ আহমেদ বিবিসি বাংলাকে বলেন, `পরাজিত প্রার্থী অনেক ধরনের মন্তব্য করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যে ফ্রি ফেয়ার ইলেকশন দিয়েছে। উনি আওয়ামী লীগের প্রার্থী হয়েও নেত্রীকে প্রশ্নবিদ্ধ করছেন। উনি বুঝতে পারছেন না উনি নেত্রীকে কোন পর্যায়ে নিয়ে যাচ্ছেন,।

বরগুনা-১ আসনকে বলা হয় আওয়ামী লীগের ভোট ব্যাংক। এই আসন থেকে পাঁচ বার সংসদ সদস্য হয়েছেন আওয়ামী লীগ নেতা ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। এই নির্বাচনে তিনি শুধু পরাজিতই হন নি, নৌকা মার্কার প্রার্থী হয়েও মি. শম্ভু এবার হয়েছেন তৃতীয়। তিনি বিবিসিকে বলেন, `ভোটার আমাদেরই বেশি। ভোটের ফলাফলে জালিয়াতি হয়েছে। আমরা নির্বাচন কমিশনকে এ নিয়ে অভিযোগও দিয়েছি,।

আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সংস্কৃতি বিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল নেত্রকোনা-৩ আসন থেকে আগে জিতলেও এবার হেরেছেন নিজ দলের স্বতন্ত্র প্রার্থীর কাছে। তিনি বলছে, `আমার টাকা নেই, তাই হেরে গেছি,। আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার সম্পাদক আবদুস সোবহান গোলাপ ছিলেন মাদারীপুর-৩ আসনের সংসদ সদস্য। এবার তিনি হেরেছেন দলের সংরক্ষিত আসনের এমপি তাহমিনা বেগমের কাছে। ভোটের পর গণমাধ্যমের কাছে তিনি অভিযোগ করেন, নির্বাচনে নৌকার ভোটারদের ভোট দিতে বাধা ও কেন্দ্র থেকে এজেন্টদের বের করে দেয়ার। আওয়ামী লীগের প্রভাবশালী নেতা, মন্ত্রী-প্রতিমন্ত্রী পর্যায়ের এমন প্রায় ৩০ জনেরও বেশি এই নির্বাচনে হেরেছেন দলীয় স্বতন্ত্র প্রার্থীদের কাছে। ভোটের পর তাদের অনেকেই ফলাফল ও ভোটের অনিয়ম নিয়ে প্রশ্ন তুলছেন। `ভোটে হেরে গেলে অনেকে তোতাপাখির মতো অভিযোগ করে, এটা আমাদের রাজনৈতিক সংস্কৃতির অংশ, বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম। রাজনৈতিক বিশ্লেষক রাশেদা রওনক খান বলছেন, `অনেকে দীর্ঘদিন সংসদ সদস্য ছিলেন, কিন্তু সাধারণ মানুষের সাথে জনসম্পৃক্ততা তৈরি করতে পারেনি। ফলে হেভিওয়েট প্রার্থী হয়েও অনেকে হেরে গেছেন। কিন্তু এখন তারা নানা কারণ দাড় করাচ্ছেন,। `মানুষ এখন প্রতীকের চেয়ে ব্যক্তি ইমেজকে গুরুত্ব দেয়। ফলে যাদের দলীয় প্রতীক ছিলো না, কিন্তু ক্যারিশমেটিক পাওয়ার ছিলো তারা অনেকেই নৌকার প্রার্থীকে হারিয়েছে,, বিবিসিকে বলেন মিজ খান।

নৌকা মার্কার প্রার্থী হয়েও ভোটে হেরেছেন আওয়ামী লীগের এমন বেশ কয়েকজনের সাথে কথা হয় বিবিসির। অনেকেই মোটা দাগে ভোটে হারার কারণ হিসেবে দুষছেন কালোটাকা ও পেশিশক্তির প্রভাবকে। কণ্ঠশিল্পী মমতাজ বেগম বিবিসি বাংলাকে বলেন, `আমার এলাকায় বিএনপির ভোট কিনতে কালো টাকা ব্যবহার করেছে প্রতিপক্ষ প্রার্থী। তিনি নির্বাচনে একশো কোটি টাকার বেশি খরচ করেছেন। বিভিন্ন ধরনের উপঢৌকন দিয়েছেন ভোটারদের, সেটা নিয়ে নির্বাচন কমিশনকে অভিযোগ দিয়েও কোন লাভ হয়নি,। মুন্সিগঞ্জ জেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ মহিউদ্দিনের ছেলে স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ ফয়সালের কাছে হেরেছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা মৃণাল কান্তি দাস। মি. দাস তার পরাজয়ের মূল কারণ হিসেবে দেখছেন পেশিশক্তি ও অর্থশক্তির প্রভাবকে। আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সংস্কৃতি বিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল নেত্রকোনা-৩ আসন থেকে আগে জিতলেও এবার হেরেছেন নিজ দলের স্বতন্ত্র প্রার্থীর কাছে। বিবিসিকে তিনি বলছেন, `অঢেল টাকার কাছে অনেকেই বেচাকেনা হয়ে গেছে। আমার টাকা নেই, তাই হেরে গেছি,। একই রকম অভিযোগ করে বরগুনার ধীরেন্দ্র দেবনাথ শম্ভু বিবিসিকে বলেন, `এলাকায় এত উন্নয়ন হয়েছে। কালো টাকার প্রভাব যদি না থাকে আওয়ামী লীগ কেন হারবে,?

সাতই জানুয়ারির নির্বাচন নিয়ে এবার আওয়ামী লীগ প্রার্থীদেরই নানা অভিযোগ রয়েছে। কেন্দ্র দখল, ফলাফল জালিয়াতি, অস্তিত্বহীন ভোটারদের ভোট দেওয়া, কেন্দ্রগুলোতে ভোটারদের যেতে বাঁধা দেয়ার মতো অভিযোগ তুলেছেন খোদ আওয়ামী লীগের প্রার্থীরাই। এ নিয়ে কেউ কেউ নির্বাচন কমিশনে লিখিত অভিযোগও দিয়েছেন। বরগুনার আলোচিত নেতা ধীরেন্দ্র দেবনাথ শম্ভু বিবিসিকে বলেন, `নির্বাচনের দিন তিনটা কেন্দ্রে নৌকাকে ডিস্টার্ব করা হয়েছে। এরপরও ভোটাররা যে ভোট দিয়েছে ঠিক সেই ফল রিটার্নিং অফিসের কন্ট্রোল রুমে আসেনি। ভোটের

ফলাফলে জালিয়াতি হয়েছে,। মুন্সিগঞ্জ-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী মৃণাল কান্তি দাস বিবিসি বাংলাকে বলেন, `ভোটের দিন ১৬-১৭টি কেন্দ্রে এজেন্টদের বের করে দেয়া হয়েছে। নির্মম-নিষ্ঠুরভাবে আওয়ামী লীগের এজেন্টদের প্রহার করা হয়েছে,। তিনি অভিযোগ করেন, ''এজেন্টদের একবার বের করে দেয়া হয়েছে, আবার নতুন সেট পাঠিয়েছি। যে সেট একবার রক্তাক্ত হয়েছে, তাদের আর দ্বিতীয়বার ভোটকেন্দ্রে ঢুকতে দেয়া হয়নি।'' `দেশ পরিচালনার দায়িত্বে নিয়োজিত দলের সদস্য হিসেবে এরচেয়ে বেশি বলতে পারবো না আমি। তবে অবশ্যই সুযোগ পেলে লিখবো, কি হয়েছিলো আমার নির্বাচনি এলাকায়। গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে তা আমি তুলে ধরবো, বিবিসিকে বলছিলেন মি. দাস। মি. দাস বলেন, ''এবার দেশের মানুষ আশা করেছে তারা অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবে। আমার ধারণা অধিকাংশ আসনেই তারা পেরেছে কিছু আসনে পারেনি, তারমধ্যে আমার আসনটি অন্যতম।'' এই অভিযোগ বিষয়ে জানতে বিবিসি যোগাযোগ করে বিজয়ী প্রার্থী মোহাম্মদ ফয়সালের সাথে। তবে তিনি ফোন ধরেননি।

রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমেদের মনে করেন, অতীতের নির্বাচনে এমন প্রক্রিয়ায় ভোট করে জয় পেয়েছিলেন আওয়ামী লীগের অনেক নেতা,। বিবিসি বাংলাকে মি. আহমেদ বলেন, ''আগের নির্বাচনে বিএনপিকে ছয়টা সিট দেয়া হয়েছিলো। বিএনপি কী ছয়টা সিটের পার্টি? তাতো না। এবার যারা হেরে গেছে তারা নানা কারচুপির কথা বলছে। গতবার তারা একই পদ্ধতি অবলম্বন করে জিতেছিলো। এবার হেরে যাওয়ায় আহাজারি করছে।''

এবারের নির্বাচনে নৌকার বিরুদ্ধে দলীয় স্বতন্ত্র প্রার্থীদের এই লড়াই হয়েছে সারাদেশের প্রায় ১৩০টি আসনে। কোথাও নৌকার প্রার্থীর দাপটের কারণে খুব একটা সুবিধা করতে পারেনি স্বতন্ত্র প্রার্থীরা। তবে যে সব আসনে নৌকার প্রার্থীরা হেরেছে সেখানে সংকট বেশি দেখা যাচ্ছে। মানিকগঞ্জের পরিস্থিতির বর্ণনা দিতে গিয়ে কণ্ঠশিল্পী মমতাজ বেগম বলেন, `এক সময় মানিকগঞ্জ ছিলো বিএনপির ঘাটি। এখানে নৌকার জোয়ার তৈরি করেছিলাম আমি,। `এই নির্বাচনের শুরু থেকে মানিকগঞ্জে আওয়ামী লীগকে চিরতরে ধ্বংস করার জন্য বড় ধরনের পরিকল্পনা নেয়া হয়েছিলো জাতীয় পর্যায়ের একটা প্রক্রিয়া থেকে। আওয়ামী লীগকে যেভাবে গড়ে তুলছিলাম তা এখন ধ্বংস হয়ে যাবে,, বিবিসিকে আশঙ্কার কথা জানান মিজ বেগম। ১৯৯১ থেকে ২০১৮। বরগুনা-১ আসন থেকে পাঁচ বার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। এই নির্বাচনে দলীয় স্বতন্ত্র প্রার্থীর কাছে হারের বিষয়টি তিনি স্বাভাবিকভাবে মেনে নিতে পারছেন না। বিবিসি বাংলাকে মি. শম্ভু বলেন, 'অন্য দলের বা বাইরের কেউ নয়, এই নির্বাচনে নৌকাকে আঘাত করেছে আওয়ামী লীগের লোকজন। সুযোগ পেলে কারা আওয়ামী লীগের মাথায় আঘাত করবে এই নির্বাচনে তার একটা প্রমাণ পাওয়া গেলো,। পরাজিত আওয়ামী লীগ প্রার্থী মৃণাল কান্তি দাস বলছিলেন, এবার দেশের মানুষ আশা করেছে তারা এবার অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবে। কিন্তু আমার আসনের ভোটারদের অনেকেই সেই সুযোগ পায়নি,। দলের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম বিবিসি জানান, 'কোন ধরনের উস্কানিমূলক বা সন্ত্রাসী কর্মকাণ্ড করা যাবে না বলে দলীয় নির্দেশনা দেয়া রয়েছে। যারা নির্বাচিত হয়েছে জনগণের ভোটেই নির্বাচিত হয়েছে,। এই নির্বাচনের পর তৃণমূলের কোন্দলের প্রভাব দলে পড়বে কী না, জানতে চাইলে তিনি বিবিসি বাংলাকে বলেন, অগণতান্ত্রিক পদ্ধতির সরকারের চাইতে নির্বাচিত গণতান্ত্রিক সরকার থাকলে দেশের উন্নয়নের পথ প্রশস্ত হবে। এই ভোটে আওয়ামী লীগ ক্ষতিগ্রস্ত হয় নি। আগামীতেও হবে না,। বিশ্লেষক মহিউদ্দিন আহমেদের মত, `আগে দলের কেউ বিদ্রোহী হলে তাকে বহিষ্কার করা হতো। এবার তা হচ্ছে না। স্থানীয় পর্যায়ে ব্যক্তি-গোষ্ঠী পর্যায়ে মারামারি হলেও দলের ওপর প্রভাব পড়বে না,। (বিবিসি ওয়েব পেজ :১৫.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### রুহুল কবির রিজভী: ভোটার উপস্থিতিতে জনগণের ইচ্ছা বোঝা যায়

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন ৭ জানুয়ারির জাতীয় নির্বাচন বর্জন করে দেশের জনগণ বিজয়ের লক্ষণ দেখিয়েছে। সোমবার (১৫ জানুয়ারি) এক দোয়া ও মিলাদ মাহফিলে একথা বলেন তিনি। রিজভী বলেন যে কোন বিদেশি প্রভুর সহায়তায় বর্তমান সরকার ক্ষমতায় টিকে থাকতে পারবে না। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন শেখ হাসিনা মনে করেন তিনি তার প্রভুদের পৃষ্ঠপোষকতায় ক্ষমতায় থাকবেন। সেসব দিন শেষ হয়ে গেছে। এখন আপনাদের (সরকারের) উচিত জনগণের প্রত্যাশা অনুধাবন করা। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আরোগ্য কামনা করে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করে জাতীয়তাবাদী মহিলা দল। রিজভী বলেন জনগণ এখন আন্দোলনে নেমেছে এবং এই কর্মসূচি সফল করতে আগামী দিনগুলোতে তারা রাজপথে থাকবে। অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ এবং স্বৈরাচারী নেতাদের উৎখাত করার ইতিহাস বাংলাদেশের রয়েছে বলে উল্লেখ করেন রুহুল কবির রিজভী। তিনি আরো উল্লেখ করেন শেখ হাসিনার ভাগ্যও এর চেয়ে আলাদা হবে না। শেখ হাসিনার সরকারও ভেসে যাবে। জনগণ আবার রাস্তায় নামবে তাদের দাবি আদায় করবে এবং তাদের অধিকার পুনরুদ্ধার করবে বলে উল্লেখ করেন রিজভী।

(ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## রাজনৈতিক দলগুলোতে ট্রান্সজেন্ডারদের যুক্ত করা হচ্ছে না

দলগুলোর সদিচ্ছার অভাব ও সামাজিক-ধর্মীয় নেতিবাচক দৃষ্টিভঙ্গির কারণে রাজনীতিতে এগিয়ে যেতে পারছে না ট্রান্সজেন্ডাররা (তৃতীয় লিঙ্গ), এমনটা মনে করছেন তারা। তারপরও নিজস্ব উদ্যোগে বিভিন্ন সময় স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিয়ে জনপ্রতিনিধি নির্বাচিত হয়েছেন অনেক ট্রান্সজেন্ডার। আর এবারই প্রথম দ্বাদশ সংসদ নির্বাচনে দুই ট্রান্সজেন্ডার প্রার্থী অংশ নিয়ে কেউ জয়ী হতে না পারলেও তাদের একজন, আনোয়ারা ইসলাম রানী ভোটের মাঠে দারুণ লড়াই করে চমক দেখিয়েছেন। আগামীতে সুযোগ পেলে স্থানীয় সরকারের মতো জাতীয় সংসদেও ট্রান্সজেন্ডার আইনপ্রণেতা হিসেবে কাজ করতে পারবে বলে আশাবাদী তারা। ৭ জানুয়ারি দ্বাদশ সংসদ নির্বাচনে রংপুর-৩ আসন থেকে জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদেরের প্রধান প্রতিদ্বন্দ্বী হিসেবে শুরু থেকে আলোচনায় ছিলেন ট্রান্সজেন্ডার আনোয়ারা ইসলাম রানী। এই আসনে ৬ জন প্রার্থীর মধ্যে ভোটে জিএম কাদের জয়ী হলেও দ্বিতীয় হয়েছেন রানী। রানী ভোটে পেয়েছেন ২৩ হাজার ৩২৬ ভোট। অন্যদিকে দেশের ইতিহাসে প্রথমবারের মতো কোনও রাজনৈতিক দলের প্রার্থী হিসেবে গাজীপুর-৫ আসনে সুপ্রিম পার্টির মনোনয়ন পান ট্রান্সজেন্ডার উর্মি।যদিও ভোটে ১০৯৪ টি ভোট পেয়ে জামানত হারিয়েছেন তিনি। আনোয়ারা ইসলাম রানী ভয়েস অফ আমেরিকা বলেন ভোটের ফলাফল নিয়ে আমার কোনও আপত্তি নেই। কাদের সাহেব অনেক দিনের রাজনীতিবিদ। তিনি একটি দলের চেয়ারম্যান তার সঙ্গে নির্বাচন করে এতো দূর আসতে পেরেছি এটাই বড় সফলতা। আমি রংপুরবাসীকে ধন্যবাদ জানাই। আরেক প্রার্থী উর্মি বলেন প্রথমবার ভোট করেছি। অনেকের কাছে যেতে পারি নাই। অনেক কিছু জানতাম না।এবার সেইগুলো জেনেছি। আগামী যদি আবার কখনো নির্বাচনে দাঁড়াই, তাহলে তখন এসব অভিজ্ঞতা কাজে লাগাবো। গত নভেম্বরে বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে উইমেনস ক্যারিয়ার কার্নিভ্যাল-এক্সপ্লোর ইয়োর ফিউচার উইথ আস, অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার কথা ছিলো ট্রান্সজেন্ডার হোচি মিন ইসলামের। কিন্তু বিভিন্ন প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর বাধার মুখে শেষ পর্যন্ত তাকে বক্তব্য দিতে দেয়নি আয়োজকরা। হো চি মিন ইসলাম ভয়েস অফ আমেরিকা বলেন সংসদ নির্বাচনে দুই ট্রান্সজেন্ডারের অংশ নেওয়াই ছিলো বিশাল ব্যাপার। কারণ আমাদের সমাজে ট্রান্সজেন্ডারা অবহেলিত। সেখানে ট্রান্সজেন্ডার যদি সংসদে দাঁড়িয়ে আইনপ্রণেতা হিসেবে কাজ করার সুযোগ পায় সেটা পুরো পৃথিবী চেয়ে-চেয়ে দেখবে। আমি আশাবাদী, তারা এবার না পারলেও আগামীতে কেউ না কেউ পারবে। বিএনপির নির্বাহী কমিটির সদস্য নিপুন রায় চৌধুরী ভয়েস অফ আমেরিকা বলেন তাদের নির্বাচনে অংশ নেওয়াটাকে আমি মহতী উদ্যোগ হিসেবে দেখি। নারী-পুরুষ সবার মতো ট্রান্সজেন্ডারদের নির্বাচনে অংশ নেওয়ার সমান সুযোগ থাকা উচিত।

**রানী উর্মি আগামীতে নির্বাচন করবেন কি না?**

নির্বাচন করতে গিয়ে নিজের সব সঞ্চয় শেষ এবং ঋণগ্রস্ত হয়ে পড়েছেন বলে জানিয়েছেন রংপুর-৩ আসন থেকে নির্বাচনে অংশ নেওয়া রানী। তিনি বলেন আমার তো আর্থিক সমস্যা আছে। যা ছিলো সবকিছু এই নির্বাচনে শেষ করে দিয়েছি। ঋণও করেছি। তাই হয়তো আগামীতে নির্বাচনে আর অংশগ্রহণ করবো না। কিন্তু আমার জায়গা থেকে মানুষের যে সেবা করে যাচ্ছি, সেটা অব্যাহত রাখবো। এটাকে আমি আমার ধর্ম মনে করি। তিনি আরও বলেন আমার সম্প্রদায়ের লোকদের উদ্দেশ্যে একটা বার্তা থাকবে সমাজের বোঝা না হয়ে সম্পদ হয়ে বাচঁতে হবে। আমরা যদি কর্মমুখী হয় দেশের ওপর চাপ কমবে। আমরা কাজ করলে সেখানে সরকারের দেশ পরিচালনার কাজে একটু হলেও ভূমিকা থাকবে। আমারও সম্মান-মর্যাদা নিয়ে সমাজে বেঁচে থাকতে পারবো। আরেক প্রার্থী উর্মি বলেন আগামীতে আবার নির্বাচনে অংশ নিবো কিনা সেটা এখন বলতে পারবো না। আমাদের তো আর্থিক একটা সীমাবদ্ধতা আছে। তবে রাজনীতি চালিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে।

**সরাসরি রাজনৈতিক দলে যুক্ত হতে চান ট্রান্সজেন্ডাররা।**

বিচ্ছিন্নভাবে রাজনীতি না করে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরাসরি যুক্ত হয়ে মূলধারায় আসতে চান ট্রান্সজেন্ডার নাগরিকরা। তারা বলছেন সুযোগ পেলে সাধারণ রাজনীতিবিদের চেয়ে তারা বেশি জনগণের সেবা করতে পারবেন। তাদের ছেলে-মেয়ে নেই। কারও-কারও পরিবার নেই। ফলে তাদের কোনও পিছু টান নেই। কিন্তু ট্রান্সজেন্ডারদের দলে যুক্ত করতে রাজনৈতিক দলগুলোর সদিচ্ছার অভাব রয়েছে। আবার কেউ স্বতন্ত্রভাবে রাজনীতি করে জনপ্রতিনিধি হয়ে গেলেও সেখানে রাজনৈতিক দলগুলো তাদেরকে মেনে নিতে চায় না। বিভিন্ন ধরনের সমস্যা তৈরি হয়। হো চি মিন ইসলাম বলেন আমাদের পক্ষ থেকে সব সময় রাজনৈতিক দলগুলোর সাথে যুক্ত হয়ে কাজ করার চেষ্টা ছিল। কিন্তু সমস্যা হচ্ছে রাজনৈতিক দলগুলো আমাদেরকে সেইভাবে স্বাগত জানাচ্ছে না। গত একাদশ সংসদ নির্বাচনে ট্রান্সজেন্ডারদের অনেকে আওয়ামী লীগ থেকে নির্বাচন করতে চেয়েছিলো। কিন্তু তাদের পক্ষ থেকে বলা হয়েছিল আমাদের দলের গঠনতন্ত্রে সেই সুযোগ নেই। দলের পরের কাউন্সিলে গঠনতন্ত্র সংশোধন করে সেই ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু এবার দেয়নি। আমাদের পক্ষে থেকে সব সময় রাজনৈতিক দলগুলোর সঙ্গে কাজ করার ইচ্ছা রয়েছে। তারা যেন ট্রান্সজেন্ডারদের প্রতি সহানুভূতিশীল হন। বাংলাদেশে প্রথম নির্বাচিত প্রতিনিধি ট্রান্সজেন্ডার নজরুল ইসলাম ঋতু।তিনি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার লোচনপুর ইউনিয়ন পরিষদের প্রথম নির্বাচিত চেয়ারম্যান। ঋতু ভয়েস

অফ আমেরিকাকে বলেন জনগণের সেবা করা মানেই রাজনীতি। আমাদের তো ছেলে-মেয়ে নেই। জনগণই আমাদের কাছে সব। তারা আমাদেরকে আপন করে নিলে আমরা এগিয়ে যেতে পারি। তিনি আরও বলেন, ইতোমধ্যে আমার বিরুদ্ধে স্থানীয় ক্ষমতাসীন নেতা ও মেম্বাররা ষড়যন্ত্র শুরু করে দিয়েছে। তারা চারদিকে ছড়িয়ে দিয়েছে আমি বিরোধী দলের লোক। আমাকে যেন কোনও সহযোগিতা ও বরাদ্দ দেওয়া না হয়। আসলে রাজনৈতিক দলের নেতারা আমাদের লোকদের সুযোগ দেবে না। তারা চায় না আমরা জনগণের জন্য রাজনীতি করি।

**দলে ট্রান্সজেন্ডারদের সুযোগ না থাকার কথা স্বীকার রাজনীতিবিদদের**

সরাসরি দলে যুক্ত হয়ে ট্রান্সজেন্ডারদের যে রাজনীতি করার সুযোগ এখনো তৈরি হয়নি তা স্বীকার করছেন রাজনৈতিক দলগুলোর নেতারা। তারা বলছেন, বাংলাদেশের সমাজ ব্যবস্থা ও প্রতিক্রিয়াশীল গোষ্ঠীগুলো এখনও ট্রান্সজেন্ডারদের স্বাভাবিকভাবে গ্রহণ করে নাই। যার কারণে রাজনৈতিক দলগুলোতে ট্রান্সজেন্ডারদের যুক্ত করা যাচ্ছে না। তবে সামনের দিনগুলোতে ট্রান্সজেন্ডারে কীভাবে সরাসরি দলে যুক্ত করা তা নিয়ে পরিকল্পনা রয়েছে। আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আমিনুল ইসলাম ভয়েস অফ আমেরিকাকে বলেন ট্রান্সজেন্ডাররাও মানুষ। সমাজ তাদেরকে অনেক জায়গায় নেতিবাচক দৃষ্টিভঙ্গি থেকে দেখে, এটা খুবই দুঃখজনক। আমি মনে করি আমাদের ইতিবাচক ভূমিকা রাখতে হবে। আমিনুল ইসলাম বলেন, "আমাদের সরকার তাদের জীবনযাত্রার মান উন্নয়নে অনেকগুলো পদক্ষেপ নিয়েছে। তাদেরকে রাজনীতিতে স্বাগত জানাবো না এটা হতে পারে না। তবে, ট্রান্সজেন্ডারদের নিয়ে বাংলাদেশে সামাজিক মূল্যবোধের ক্ষেত্রে নেতিবাচক দৃষ্টিভঙ্গি কাজ করে। হুট করে একজন ট্রান্সজেন্ডারকে দলে এনে মনোনয় দিলে হবে না। আগে আমাদের সামাজিক দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে। বিএনপি'র নিপুন রায় চৌধুরী বলেন ২০১৮ সালে আমি যখন জেলে গিয়েছি, তখন আমার সঙ্গে একজন ট্রান্সজেন্ডার ছিলো। তখন আমি দেখেছি তাদের মধ্যে রাজনৈতিক সচেতনা আছে। তারা সুযোগ পায় না বলেই রাজনীতিতে পিছিয়ে আছে। তিনি আরও বলেন ট্রান্সজেন্ডারদের জন্য আলাদা একটা কোটা রাখতে আমি দলের মধ্যে প্রস্তাব করবো। যাতে তারা সরাসরি রাজনৈতিক দলগুলোর সঙ্গে সম্পৃক্ত হতে পারে। নির্বাচনেও তাদেরকে দলের পক্ষ থেকে মনোনয়ন দেওয়ার প্রস্তাব রাখবো আমাদের দলে।

**সমাজে ট্রান্সজেন্ডারদের বিকৃতভাবে উপস্থান করা হয়**

ট্রান্সজেন্ডাররা বলছেন সমাজে তাদেরকে বিকৃতভাবে উপস্থান করা হয়। নাটক-সিমেনায় শুধু দেখানো হয়, হিজড়ারা রাস্তায় টাকা তুলছে। বিয়ে বাড়িতে নাচ-গান করছে। হো চি মিন ইসলাম বলেন আমাদের সমাজে ট্রান্সজেন্ডাররা অবহেলিত। তাদেরকে সমাজে বিকৃতভাবে উপস্থাপন করা হয়। মানুষ হিজড়া বলতে চিন্তা করে, রাস্তায় টাকা তুলছে। বিয়ে বাড়িতে নাচ -গান করছে। নাটক-সিনেমায়ও সেইভাবে দেখানো হয়। একই কথা বলছেন ট্রান্সজেন্ডার নিয়ে কাজ আরেক সংগঠন প্রান্তজের চেয়ারম্যান মুন। তিনি বলেন এছাড়া ট্রান্সজেন্ডারদের সহজে কেউ বাসা ভাড়া দেয় না। চাকরি ও কাজে নিতে চায় না। নিজের পরিবারও মেনে নিতে চায় না। আমাদের দেশে নানা সমস্যায় ট্রান্সজেন্ডাররা ভুগছে।

**স্থানীয় সরকার নির্বাচনে যত ট্রান্সজেন্ডার জনপ্রতিনিধি**

জাতীয় নির্বাচনে ট্রান্সজেন্ডার ২ প্রার্থীর পরাজয় হলেও স্থানীয় সরকার নির্বাচনে বেশ কয়েকজন জনপ্রতিনিধি হয়েছেন। তবে, এখন পর্যন্ত কতজন ট্রান্সজেন্ডার স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিয়েছেন তার সঠিক হিসেব নেই। বিভিন্ন সময় মিডিয়াতে প্রকাশিত খবরের হিসেবে অনুযায়ী, সর্বশেষ ২০২৩ সালের রাজশাহী সিটি করপোরেশন নির্বাচনে ৭ নং ওয়ার্ডে সংরক্ষিত কাউন্সিলর নির্বাচিত হন ট্রান্সজেন্ডার সুলতানা আহমেদ সাগরিকা। ২০২২ সালের কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে সংরক্ষিত নারী ইউপি সদস্য পদে নির্বাচিত হন ট্রান্সজেন্ডার পায়েল খাতুন। ২০২১ সালে সাতক্ষীরার কলারোয়া পৌরসভা নির্বাচনে ৩নং ওয়ার্ডে সংরক্ষিত নারী কাউন্সিলর নির্বাচিত হন ট্রান্সজেন্ডার দিথি খাতুন। তার আগে ২০১৫ সালের পৌর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হন দিথি খাতুন। ২০২১ সালের ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৬ নম্বর ত্রিলোচনপুর ইউনিয়ন পরিষদ ইউপি চেয়ারম্যান নির্বাচিত হন বাংলাদেশে প্রথম ট্রান্সজেন্ডার নজরুল ইসলাম ঋতু। ২০২১ সালে খুলনার ডুমুরিয়া উপজেলার মাগুরাঘোনা ইউনিয়ন পরিষদ নির্বাচনে সংরক্ষিত নারী আসনে ইউপি সদস্য নির্বাচিত হন ট্রান্সজেন্ডার সাহিদা বিবি। একই বছর সাতক্ষীরা সদর উপজেলার ঝাউডাঙ্গা ইউনিয়ন পরিষদের (ইউপি) নির্বাচনে সংরক্ষিত নারী ইউপি সদস্য নির্বাচিত হন ট্রান্সজেন্ডার কুলসুম খাতুন। ২০১৭ সালে রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে প্রথমবারের মতো সংরক্ষিত মহিলা আসনে প্রার্থী হন তৃতীয় লিঙ্গের নাদিরা খানম। নাদিরা খানম প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হন। ২০০৪ সালে যশোর বাঘারপাড়া পৌর নির্বাচনে অংশ নিয়ে ট্রান্সজেন্ডার সুমি খাতুন মাত্র ১৩ ভোটে পরাজিত হন। তিনি ২০১৫ সালে নির্বাচন করে পরাজিত হয়েছেন।

**ভোটার ৮৪৯, দেশে প্রকৃত ট্রান্সজেন্ডারের সংখ্যা কত**

২০১৯ সালে প্রথমবারের মতো ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয় ট্রান্সজেন্ডাররা। ভোটার নিবন্ধন ফর্মে `নারী, ও `পুরুষের, পাশাপাশি `তৃতীয় লিঙ্গ, শব্দটিও যুক্ত হয়। তবে, তার আগে ট্রান্সজেন্ডাররা ভোট দিতো নারী অথবা পুরুষ পরিচয়ে। ইসির হিসেবে বর্তমানে ট্রান্সজেন্ডার ভোটার সংখ্যা ৮৪৯ জন। গত বছরের জনসংখ্যা ও আবাসন শুমারি-২০২২–এর প্রতিবেদন বলছে, দেশের মোট জনসংখ্যার মধ্যে হিজড়া ১২ হাজার ৬২৯ জন। কিন্তু দেশে প্রকৃত ট্রান্সজেন্ডারের সংখ্যা আরও ৫০ হাজারের বেশি বলেও দাবি তাদের। ট্রান্সজেন্ডারদের নিয়ে কাজ করে 'বন্ধু' স্যোশাল ওয়েলফেয়ার নামের একটি সংগঠন। এই সংগঠনের সাথে যুক্ত ট্রান্সজেন্ডার কাজী রাফিদ রেজওয়ান অরুপ ভয়েস অফ আমেরিকাকে বলেন প্রকৃত সংখ্যা আরও বেশি। যারা এই কাজটি করেছে, তারা বাসা-বাড়িতে গিয়ে সঠিকভাবে বলতে না পারায় অনেক ট্রান্সজেন্ডার তালিকার বাইরে রয়ে গেছে। প্রান্তজে'র চেয়ারম্যান মুনম ভয়েস অফ আমেরিকাকে বলেন, আমার পুরো নাম শেখ মোহাম্মদ মুমিনুল ইসলাম মুন। আমি এখন ভোটার তালিকায় পুরুষ হিসেবে আছি। কারণ আমার শিক্ষাগত সনদে একই নাম আছে। এইগুলোতো আমি পরিবর্তন করতে পারি নাই। আবার ট্রান্সজেন্ডার পরিচয় দিলে আমাদের সহজে চাকরি পাওয়া যায় না। যার কারণে অনেকে পরিচয় গোপন রাখতে এখনও পুরুষ অথবা মহিলা হিসেবে আছেন। তাই প্রকৃত ট্রান্সজেন্ডারের সংখ্যা অনেক বেশি।

**ট্রান্সজেন্ডার আইন নিয়ে হেফাজতের আপত্তি**

বাংলাদেশের ধর্মীয় সংগঠন হেফাজত ইসলাম। গত ৫ জানুয়ারি এক বিবৃতিতে সংগঠনটির আমীর আল্লামা শাহ মুহিব্বুল্লাহ বাবুনগরী ও মহাসচিব আল্লামা সাজিদুর রহমান বলেন ট্রান্সজেন্ডার ব্যক্তির অধিকার সুরক্ষা আইন ২০২৩ (খসড়া) আমাদের নজরে এসেছে। বিভিন্ন সূত্র মারফত আমরা এটিও জানতে পেরেছি যে, আইনটি অচিরেই পাশ হওয়ার জন্য প্রস্তুত হয়ে আছে। এ আইনটিকে যদিও হিজড়া সম্প্রদায়ের অধিকার সুরক্ষা আইন মনে করা হচ্ছে, কিন্তু বাস্তবে এটি সম্পূর্ণ ভিন্ন। আসলে হিজড়া ও ট্রান্সজেন্ডার এক নয়। হিজড়া হচ্ছে জন্মগতভাবে যার মধ্যে পুরুষ ও নারী উভয়ের চিহ্ন বিদ্যমান থাকে। পক্ষান্তরে ট্রান্সজেন্ডার ব্যক্তি হল জন্মগতভাবে কোনও পুরুষ নারী হয়ে যাওয়া। যা স্পষ্ট হারাম। এটি আল্লাহ রাব্বুল আলামীনের দেওয়া শরীয়ত এবং কুরআন-সুন্নাহর বিকৃতি সাধনের মতো কুফরি গুনাহ। শীর্ষ এই দুই নেতা বলেন হিজড়া তথা খুনছার বিষয়ে শরীয়তের সুস্পষ্ট বিধান ফিকহ-ফাতাওয়ার কিতাবসমূহ উল্লেখ রয়েছে। সে বিধান বাস্তবায়ন করলেই তাদের অধিকারের প্রকৃত সুরক্ষা হবে। তাই ইসলামী পরিপন্থীই এই আইন পাশ না করে ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সংখ্যাগরিষ্ঠ দেশের সরকার প্রধানের কাছে জোর দাবি জানাচ্ছি।

(ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## এটা নির্বাচন হয়নি; আওয়ামী লীগ প্রধানের সিলেকশান হয়েছে: ববি হাজ্জাজ

৭ জানুয়ারী ২০২৪ এ হয়ে গেলো দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। নির্বাচনে ৩০০ আসনের ঘোষিত ২৯৮ টির মধ্যে ২২২ টিতে জিতে দুই তৃতীয়াংশের ওপর সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা চতুর্থবার সরকার গঠন করতে যাচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ। অংশ নেয়া ২৮ টির মধ্যে ২৪ টি থেকে একজনও না জেতা ও তাদের মধ্যে একজন ছাড়া বাকি সবার জামানত হারানো এ নির্বাচনে জাতীয় পার্টির ১১ ও জাসদ ওয়ার্কার্স পার্টি ও কল্যান পার্টি থেকে জিতেছেন ১ জন করে। এদের মধ্যে জাতীয় পার্টির ১১ জনই জয়ী হয়েছেন আওয়ামী লীগের সমর্থন নিয়ে যেসব জায়গা থেকে আওয়ামী লীগ তাদের প্রার্থী প্রত্যাহার করে নিয়েছিল সেসব নির্বাচনি এলাকায়। জাসদ ও ওয়ার্কার্স পার্টির প্রার্থীরা জয়ী হয়েছেন নৌকা নিয়ে লড়ে আর কল্যান পার্টিও তার আসনটি জিতেছে আওয়ামী লীগের সমর্থন নিয়ে। বিজয়ী ৬২ জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে ৫৮ জনই আওয়ামী লীগের নেতা। ফলে এ নির্বাচন শেষে দেশে একটি একদলীয় গণতন্ত্রের উত্থান হবার আশংকা দেখা দিয়েছে। বিএনপিসহ ৬৩টি রাজনৈতিক দলের বর্জন করা এ নির্বাচনে নির্বাচন কমিশনের দেয়া তথ্য মতে ভোটার উপস্থিতি ছিল ৪১ দশমিক ৮ শতাংশ। অফিসিয়াল এই ফিগার এর বিশ্বাসযোগ্যতা নিয়ে দেশে বিদেশে প্রশ্ন উঠেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন ১৯৭৫ এর পর এটিই বাংলাদেশে হওয়া সবচেয়ে অবাধ ও সুষ্ঠু নির্বাচন যদিও বিএনপি সহ দেশি বিদেশী অনেকেই এই নির্বাচনকে ডামি নির্বাচন বলে দাবি করেছেন।

কেমন হলো এবারের নির্বাচন? কেমন ছিল এতে প্রশাসন আইন শৃঙ্খলা বাহিনী, নির্বাচন কমিশনের ভূমিকা? এ নিয়ে ভয়েস অফ আমেরিকার পক্ষ থেকে আমরা কথা বলেছি নির্বাচনে জয়ী, পরাজিত, বর্জনকারী, সব পক্ষের রাজনীতিবিদদের সাথে। কথা বলেছি সুশীল সমাজের প্রতিনিধিদের সাথেও। নির্বাচনে মিডিয়ার ভূমিকাকে তারা কীভাবে দেখছেন? কীভাবে নিচ্ছেন নির্বাচনের ব্যাপারে দেয়া যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলারের প্রতিক্রিয়া? এসব নিয়েও আমরা কথা বলেছি তাদের সাথে।

এই সাক্ষাৎকারটি পাঠিয়েছেন আদিত্য রিমন।

সাক্ষাৎকার: ববি হাজ্জাজ, এনডিএম প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান

ভয়েস অফ আমেরিকা: ভোট কতটা অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ হলো? এই চারটি ক্রাইটেরিয়াতে ১ থেকে ১০ স্কেলে এই নির্বাচনকে আপনি কত দেবেন?

ববি হাজ্জাজ: এটা কোন নির্বাচন হয়নি। আওয়ামী লীগ প্রধানের সিলেকশান হয়েছে। সুতরাং এটাকে নির্বাচনের কোনও ক্রাইটেরিয়াতে ফেলতে পারি না। যার জন্য এই নির্বাচনকে আমি (দশে) ১ নাম্বার দিবো।

ভয়েস অফ আমেরিকা: এবারের নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকাতে কি আপনি সন্তুষ্ট? ১ থেকে ১০ স্কেলে আইন শৃঙ্খলা বাহিনী কত পাবে?

ববি হাজ্জাজ: এবার তো কোন নির্বাচনই হয়নি। যেখানে নির্বাচনই হয়নি সেখানে আইনশৃঙ্খলা বাহিনী কী দায়িত্ব পালন করবে? সুতরাং তাদেরকে স্কোর দেওয়ার মতো কিছু হয়নি। যেখানে খেলাই হয়নি সেখানে রেফারি কেমন করলো এই আলোচনা হয় না। তাই এখানেও আমি ১ নাম্বার দিলাম।

ভয়েস অফ আমেরিকা: প্রশাসন কতটা নিরপেক্ষভাবে কাজ করেছে? ১ থেকে ১০ এর মধ্যে প্রশাসনের ভূমিকাকে কত দিতে চান আপনি?

ববি হাজ্জাজ: এই নির্বাচনে প্রশাসন তো নিরপেক্ষ ছিলো না। তাই এখানে নিরপেক্ষ না থাকার ভূমিকায় আমি প্রশাসনকে (দশে) ১০ দিতে চাই।

ভয়েস অফ আমেরিকা: আসলে কত পার্সেন্ট ভোট পড়েছে বলে মনে করেন? আপনার এলাকায় কত পার্সেন্ট আসল আর কত পার্সেন্ট জাল ভোট পড়েছে বলে মনে হয়? নাকি এবারে জাল ভোট পড়েনি?

ববি হাজ্জাজ: প্রথমত কোন এলাকায় ১৫ শতাংশের বেশি ভোট পড়েছে এটা আমি বিশ্বাস করি না। এক হতে পারে এখানে প্রচুর জাল ভোট পড়েছে সেটা আমরা খবরের কাগজে দেখেছি। এরপর আরও সংখ্যা বাড়ানো হয়েছে বিশ্বকে দেখানোর জন্য।

ভয়েস অফ আমেরিকা: নির্বাচনে দেশীয় মিডিয়ার ভূমিকাকে ১ থেকে ১০ স্কেলে কত দেবেন? সঠিক তথ্যের জন্য আপনি কাদের ওপর নির্ভর করেছেন? ক্রমানুসারে বলুন নির্বাচন কমিশন দেশি টিভি চ্যানেল দেশি পত্রিকা বিদেশি গণমাধ্যম সোশ্যাল মিডিয়া।

ববি হাজ্জাজ: সঠিক তথ্যের আমি নির্ভর করেছি বিদেশি গণমাধ্যম স্যোশাল মিডিয়া এবং গুটি কয়েক দেশি মিডিয়া।

ভয়েস অফ আমেরিকা: ভোট বর্জনের ডাক কতটা সফল? ১ থেকে ১০ স্কেলে কত পাবে?

ববি হাজ্জাজ: ভোট বর্জনের আন্দোলনের ডাক অবশ্যই সফল হয়েছে। এখানে ১০ এর মধ্যে স্কোর ৭ দিতে চাই।

ভয়েস অফ আমেরিকা: নির্বাচন ও নির্বাচনোত্তর সহিংসতা আর নির্বাচন বর্জন কেন্দ্রিক সহিংসতার মধ্যে কোনটি বেশি হয়েছে?

ববি হাজ্জাজ: নির্বাচন বর্জন কেন্দ্রীয় সহিংসতা বেশি হয়েছে, যখন সরকার বিরোধীদের ওপর নিপীড়ন চালিয়েছে।

ভয়েস অফ আমেরিকা: এ নির্বাচনের ফলে দেশের বিরাজমান রাজনৈতিক সংকট কাটার সম্ভাবনা কতটুকু? ১ থেকে ১০ স্কেলে কত?

ববি হাজ্জাজ: এই নির্বাচনের ফলে বর্তমান রাজনৈতিক সংকট নিরসনের কোনও সম্ভাবনা নেই।

ভয়েস অফ আমেরিকা: আপনি কি মনে করেন এই রাজনৈতিক সংকট নিরসনে আওয়ামী লীগ ও বিএনপির সংলাপে বসা দরকার?

ববি হাজ্জাজ: অবশ্যই সংলাপে বসা দরকার। শুধু আওয়ামী লীগ কিংবা বিএনপি না, কার্যক্রম সব রাজনৈতিক দলগুলোকে সংলাপে বসা দরকার।

ভয়েস অফ আমেরিকা: দুইদলের মধ্যে সংলাপ হলে একটি সমাধানে আসার সম্ভাবনা কতটুকু? ১ থেকে ১০ স্কেলে?

ববি হাজ্জাজ: সংলাপ যদি পরিষ্কার নিয়ত নিয়ে হয়, তাহলে সমাধান আসবে। এখানে ৮-৯ স্কোর দেওয়া যেতে পারে।

ভয়েস অফ আমেরিকা: আন্দোলনের মাধ্যমে বিরোধীদল কি নতুন সংসদ ভাঙতে সরকারকে বাধ্য করতে পারবে? ১ থেকে ১০ স্কেলে কতটুকু চান্স দেখেন?

ববি হাজ্জাজ: আন্দোলনের মাধ্যমে বিরোধীরা সরকারকে সংসদ ভেঙে দিতে বাধ্য করতে পারবে- এমন সম্ভাবনা মাঝামাঝি দেখি। অর্থাৎ এখানে আমার স্কোর থাকবে ৫।

ভয়েস অফ আমেরিকা: যুক্তরাষ্ট্র মনে করে ৭ জানুয়ারীতে হওয়া বাংলাদেশের নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হয়নি। এ বিষয়ে পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার একটি বিবৃতি দিয়েছেন। আপনার মন্তব্য জানতে চাই।

ববি হাজ্জাজ: তারা তাদের জায়গা থেকে সঠিক মন্তব্য করেছে বলে আমি মনে করি।

(ভোয়া ওয়ের পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## হাছান মাহমুদ: নৈরাজ্য সৃষ্টিকারীদের সঙ্গে সংলাপ অর্থহীন

দেশে সহিংসতা ও নৈরাজ্য সৃষ্টিকারীদের সঙ্গে আলোচনায় বসার সম্ভাবনা প্রত্যাখ্যান করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেন বৈধ রাজনীতি করার পরিবর্তে

যারা মানুষকে জীবন্ত পুড়িয়ে দেয় এবং নৈরাজ্য উস্কে দেয় তাদের সঙ্গে সংলাপ অর্থহীন। সোমবার (১৫ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ কথা জানান। আগামী দিনগুলোতে বিরোধী দল বিএনপির চ্যালেঞ্জ মোকাবেলায় আওয়ামী লীগের কৌশল সম্পর্কে জানতে চাইলে একথা বলেন হাছান মাহমুদ। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জানান তার দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠক নির্ধারিত আছে। সেই বৈঠকে বিষয়টির ওপর গুরুত্বারোপ করবেন তিনি। বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে আঞ্চলিক সহযোগিতার বিস্তৃত প্রেক্ষাপট নিয়ে কথা বলেন ড. হাছান। তারা পারস্পরিক সমর্থন বিশেষ করে গণতান্ত্রিক ধারা বজায় রাখতে, বাংলাদেশের প্রতি ভারতের ধারাবাহিক সমর্থন নিয়ে আলোচনা করেন। ড. হাছান বলেন ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচনের সময় বিতর্ক সৃষ্টির বাহ্যিক প্রচেষ্টা সত্ত্বেও আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি ভারতের সমর্থন ছিলো অবিচল। ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের আমন্ত্রণ গ্রহণ করে হাছান মাহমুদ তার প্রথম দ্বিপাক্ষিক ভারত সফরের পরিকল্পনার কথা জানান। ভারতের হাইকমিশনারের সঙ্গে এই বৈঠক পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর ড. হাছানের প্রথম কূটনৈতিক কার্যক্রম।

এদিকে, শনিবার (১৩ জানুয়ারি) এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী জানিয়েছেন যে আন্দোলনের নতুন কর্মসূচি প্রণয়ন করছে বিএনপি। নির্দলীয় সরকারের অধীনে পুনরায় নির্বাচনের দাবিতে আন্দোলন জোরদার করতে বিএনপি নতুন কর্মসূচি প্রণয়ন করছে  উল্লেখ করেন তিনি। এক প্রশ্নের জবাবে রিজভী বলেন অবশ্যই আমরা বিভিন্ন কর্মসূচি নিয়ে ভাবছি। আমাদের নেতারা প্রায় প্রতিদিনই বসছেন। আমাদের কর্মসূচি চূড়ান্ত হয়ে গেলে আপনাদের জানাবো। তিনি আরো জানান, তাদের দল এখনো বিভিন্ন কর্মসূচি নিয়ে আন্দোলন চালিয়ে যাচ্ছে। আর সমমনা দলগুলো বিএনপির সঙ্গে আছে। তাদের (মিত্রদের) সঙ্গে কথা বলার মতো অনেকগুলো বিষয় আছে... আমরা সবার সঙ্গে কথা বলে নতুন কর্মসূচি প্রণয়ন করবো এবং পরে আপনাদের জানাবো;„ যোগ করেন রুহুল কবির রিজভী। ক্ষমতাসীন দল এখন ”অবৈধ ব্যক্তিদের„ নিয়ে সরকার গঠন করে তা উদযাপন করছে বলে উল্লেখ করেন এই বিএনপি নেতা। (ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## রানা প্লাজা ধস: ছয় মাসের মধ্যে হত্যা মামলা নিষ্পত্তির নির্দেশ আপিল বিভাগের

বাংলাদেশের সাভারে রানা প্লাজা ধসে, হতাহতের ঘটনায় পুলিশের দায়ের করা হত্যা মামলাটি ছয় মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।সোমবার (১৫ জানুয়ারি) প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন চার বিচারপতির আপিল বেঞ্চ এ আদেশ দেয়। আপিল বেঞ্চের আদেশে, ভবন মালিক সোহেল রানার জামিন স্থগিত করে দেয়া আদেশ বহাল রাখা হয়েছে। মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামিন সংক্রান্ত আপিল বিভাগের এই আদেশ বহাল থাকবে। রাষ্ট্রপক্ষের করা আবেদন (লিভ টু আপিল) শুনানির নির্ধারিত দিন ছিলো সোমবার। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সারওয়ার হোসেন বাপ্পী। সোহেল রানার পক্ষে শুনানি করেন, আইনজীবী মো. কামরুল ইসলাম। জামিন স্থগিত থাকায় সোহেল রানা মুক্তি পাচ্ছেন না বলে সাংবাদিকদের নিশ্চিত করেছেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সারওয়ার হোসেন বাপ্পী। এর আগে গত বছরের ১০ জুলাই আপিল বিভাগ রানার জামিন আবেদন মুলতবি করে। সেই ধারাবাহিকতায় সোমবার শুনানি অনুষ্ঠিত হয়।গত বছরের ৮ মে, রানা প্লাজা ধসে হতাহত হওয়ার ঘটনায় পুলিশের করা মামলায় ভবন মালিক সোহেল রানাকে হাইকোর্টের দেয়া জামিনের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা আবেদন (লিভ টু আপিল) শুনানির জন্য দিন নির্ধারণ করেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একই সঙ্গে এই সময় পর্যন্ত সোহেল রানাকে হাইকোর্টের দেয়া জামিন স্থগিত করেন। তৎকালীন প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন তিন সদস্যের আপিল বিভাগ এ আদেশ দিয়েছিলেন। এই মামলায় সোহেল রানার জামিন মঞ্জুর করে, গত ৬ এপ্রিল রায় দিয়েছিলো হাইকোর্ট। এই জামিন স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষ আবেদন করে। গত ৯ এপ্রিল চেম্বার আদালতে এই আবেদন শুনানির জন্য উঠে। সেদিন চেম্বার আদালত সোহেল রানাকে হাইকোর্টের দেয়া জামিন স্থগিত করে দেয়। আর, রাষ্ট্রপক্ষের আবেদনটি ৮ মে আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে শুনানির জন্য পাঠানো হয়। এরপর, গত বছরের ১০ জুলাই আপিল বিভাগের নিয়মিত বেঞ্চ, রানার জামিন স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের আবেদনের বিষয়টি মূলতবি করে। উল্লেখ্য, ২০১৩ সালের ২৪ এপ্রিল রানা প্লাজা ধসে ১ হাজার ১৩৫ জন শ্রমিক নিহত হন। গুরুতর আহত হয়ে পঙ্গুত্ববরণ করেন ১ হাজার ১৬৯ জন। ভারতে পালিয়ে যাওয়ার সময় একই বছরের ২৯ এপ্রিল বেনাপোল থেকে ভবন মালিক সোহেল রানাকে গ্রেপ্তার করে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এরপর থেকে রানা কারাগারে রয়েছেন।  (ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## প্রণয় ভার্মা: ঢাকা-দিল্লী সম্পর্ক আরো বেগবান হবে

বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ওপর ভিত্তি করে দ্বিপক্ষীয় সম্পর্ক আরো বেগবান হবে বলে উল্লেখ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। সোমবার (১৫ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে, বাংলাদেশের নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক করেন প্রণয় ভার্মা। পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রণয় ভার্মা বলেন শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সমৃদ্ধ সমাজ গঠনে দুই দেশ একযোগে কাজ করে যাবে। দুই

দেশ ক্রমবর্ধমান উন্নয়নে অবদান রেখে সহযোগিতার আরো ক্ষেত্র অনুসন্ধান করবে বলেও উল্লেখ করেন ভারতের হাইকমিশনার। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর কোনো বিদেশি রাষ্ট্রদূতের সঙ্গে এটি ছিলো ড. হাছান মাহমুদের প্রথম বৈঠক। প্রণয় ভার্মা বলেন ভারত-বাংলাদেশ মৈত্রী (বন্ধুত্ব) আরো গভীর করতে কাজ করার জন্য অপেক্ষায় রয়েছি। এর আগে, ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে ড. হাছান মাহমুদকে অভিনন্দন জানান। (ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## শেখ হাসিনা: দুর্নীতি সহ্য করা হবে না

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে সরকারি ক্রয় ও অন্য যে কোনো খাতে, কোনো ধরনের দুর্নীতি ও অনিয়ম সহ্য করা হবে না। সোমবার (১৫ জানুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে (পিএমও) অনুষ্ঠিত নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠকে সূচনা বক্তব্যে এ কথা বলেন তিনি। সরকারি ক্রয়সহ সব ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে আমি কোনো ধরনের দুর্নীতি ও অনিয়ম সহ্য করব না বলেন শেখ হাসিনা। তিনি মন্ত্রিসভার সদস্যদের বলেন, সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। সরকারের রাজস্ব ব্যয়, সরকারি ক্রয় ও স্বচ্ছতার প্রতি বিশেষ নজর দিতে হবে। একই সঙ্গে জবাবদিহি নিশ্চিত করতে হবে। আমি এখানে কোনো ধরনের দুর্নীতি ও অনিয়ম সহ্য করব না,„ যোগ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা উল্লেখ করেন, দুর্নীতি কোনো দেশের জন্য ভালো নয়। বাংলাদেশের যে সম্পদ আছে তা যথাযথভাবে ব্যবহার করতে হবে। তবেই আর্থিক শৃঙ্খলা বজায় রেখে দেশ এগিয়ে যাবে। শেখ হাসিনা আরো বলেন, বাংলাদেশের সম্পদ সীমিত, কিন্তু জনসংখ্যা বিশাল। আমাদের সীমিত সম্পদ দিয়ে জনগণের কল্যাণ নিশ্চিত করতে হবে বলেন তিনি। সামাজিক নিরাপত্তা খাতে স্বচ্ছতা নিশ্চিত করার নির্দেশ দেন প্রধানমন্ত্রী। বলেন সঠিক মানুষ যেন বার্ধক্য ও সামাজিক নিরাপত্তা ভাতা পায় সেদিকে বিশেষ নজর দিতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাদক নিয়ন্ত্রণে ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। মুদ্রাস্ফীতির কথা উল্লেখ করে তিনি বলেন, বিভিন্ন পণ্যের দাম বেশি হলেও, দেশে পণ্যের কোনো ঘাটতি নেই। তিনি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। ”তাহলেই বাংলাদেশের সাধারণ মানুষ প্রবৃদ্ধির সুফল পাবে,„ বলেন প্রধানমন্ত্রী। শেখ হাসিনা জানান যে, তার সরকার ২০০৯ সাল থেকে খাদ্য মূল্যস্ফীতি ১২ শতাংশ থেকে ৯ শতাংশে নামিয়ে আনতে সক্ষম হয়েছে। তিনি বলেন, ”বাকি খাতের মূল্যস্ফীতি ৮ শতাংশে নেমে এসেছে। তবে আমাদের তা আরো কমাতে হবে।„ শেখ হাসিনা বলেন যে, খাদ্যদ্রব্যের দাম বাড়লে কৃষকরা খুশি হয়। কিন্তু ভোক্তারা ভোগান্তির শিকার হন। তাদের ওপর চাপ বাড়ে। ”এ বিষয়ে ভারসাম্য বজায় রাখতে হবে, কীভাবে এটি সামঞ্জস্যপূর্ণ করা যায় সে সম্পর্কে আমাদের খুব দ্রুত পদক্ষেপ নিতে হবে,„ বলেন তিনি। জনগণের অর্থের অপচয় রোধ, এমনকি যেকোনো ধরনের উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে মিতব্যয়ী হওয়ার আহ্বান পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আসন্ন রমজানের কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেন, একটি সীমিত গোষ্ঠী খাদ্যপণ্য আমদানি করে। তিনি বলেন, ”তারা সবসময় এখানে একটা ম্যাচ খেলতে চায়। সেক্ষেত্রে আমাদের নিজস্ব প্রস্তুতি নিতে হবে।„ নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন শেখ হাসিনা।

## আলজেরিয়ার প্রেসিডেন্টের অভিনন্দন

এদিকে, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন আলজেরিয়ার প্রেসিডেন্ট আবদেল মদজিদ তেবউন। তিনি নতুন মেয়াদে দায়িত্ব পালনে তার সাফল্য কামনা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আলজেরিয়ায় সরকারি সফরে আবার আমন্ত্রণ আলজেরিয়ার প্রেসিডেন্ট আবদেল মদজিদ তেবউন। শেখ হাসিনাকে পাঠানো এক অভিনন্দন বার্তায় আলজেরিয়ার প্রেসিডেন্ট বলেন আমি এই উপলক্ষে আমাদের বন্ধুত্ব ও সংহতির সম্পর্ককে সুসংহত করার পাশাপাশি আমাদের সম্পর্কের স্তর বৃদ্ধি এবং দ্বিপক্ষীয় সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে কাজ চালিয়ে যাওয়ার জন্য আমার নিরন্তর প্রস্তুতি ব্যক্ত করতে চাই, যাতে উভয় দেশের স্বার্থ রক্ষা করা যায়। (ভোয়া ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

# রেডিও তেহরান

## বাংলাদেশকে এখন আর কেউ ভিক্ষুকের দেশ মনে করে না : শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হসিনা বলেছেন, বাংলাদেশকে এখন আর কেউ দুর্ভিক্ষের দেশ, ভিক্ষুকের দেশ মনে করে না। এখন সবাই মনে করে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা:

প্রধানমন্ত্রী শেখ হসিনা বলেছেন, বাংলাদেশকে এখন আর কেউ দুর্ভিক্ষের দেশ, ভিক্ষুকের দেশ মনে করে না। এখন সবাই মনে করে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। আজ সোমবার বিকেলে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের এক যৌথসভায় তিনি এসব কথা বলেন। শেখ হাসিনা বলেন, ’৭৫ সালের পর থেকে বাংলাদেশের ভাবমূর্তি আন্তর্জাতিকভাবে এমন অবস্থায় ছিল, তখন বাংলাদেশ বললে মানুষ মনে করত এটা একটা দুর্ভিক্ষের দেশ, দুর্যোগের দেশ; এদেশের কোনো ভবিষ্যৎ নেই। তিনি বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে বাংলাদেশের ভাবমূর্তি অনেকটা পরিবর্তন হয়েছে। আওয়ামী লীগ সভাপতি বলেন, বিএনপির আমলে আওয়ামী

লীগের নেতাকর্মীদের এই অফিসে ঢুকতে দিত না, চারদিকে পুলিশি ব্যারিকেড দেওয়া ছিল। অনেক সময় নেতাকর্মীরা আটকা পড়ত, তখন বাধ্য হয়ে জোর করে ঢুকতাম এবং নেতাকর্মীদের উদ্ধার করতাম। ২০০১ এ নির্বাচনের পর আওয়ামী লীগের অফিসটা হয়ে গিয়েছিল হাসপাতাল। কারণ, বিভিন্ন জেলা থেকে আহত নেতাকর্মীরা এখানে আশ্রয় নিয়েছিল। শেখ হাসিনা বলেন, '৭৫ পরবর্তী জাতির পিতা হত্যার পর আমাদের ইতিহাসকে বিকৃত করা হয়েছে। স্বাধীনতাকে বিকৃত করা হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনাকে ধ্বংসের অপচেষ্টাও করেছে কেউ কেউ।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৫.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বাংলাদেশ নতুন সরকারের পথচলা ও রাজনীতির গতিপথ নিয়ে বিশ্লেষকদের মতামত

বাংলাদেশের নতুন মন্ত্রিসভার দায়িত্ব গ্রহণের পরে আনুষ্ঠানিক কর্মচাঞ্চল্যও শুরু হয়েছে। এ সম্পর্কে এবারে জানানো হচ্ছে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি পাঠানো প্রতিবেদন :
দায়িত্ব গ্রহণের পরে আনুষ্ঠানিক কর্মচাঞ্চল্যও শুরু হয়েছে। মন্ত্রণালয়ের বিভিন্ন কাজে ফিরেছে নতুন গতি। শুরু হয়েছে বাংলাদেশের মন্ত্রিসভার নতুন সদস্যদের নতুন নতুন নানা পরিকল্পনা। জনগণের কাছে দেয়া ওয়াদা পূরণকেই এবার প্রধান লক্ষ্য হিসেবে দেখছেন তারা এবং যেকোন ধরনের সংঘাত, সংঘর্ষ এড়িয়ে চলাকেও গুরুত্বের সঙ্গে দেখার নির্দেশনা রয়েছে ক্ষমতাসীন দলের হাইকমান্ড থেকে। এমন পরিস্থিতিতে দেশের রাজনৈতিক অবস্থা কোন দিকে এগুচ্ছে সেই প্রশ্ন ঘুরে ফিরছে সাধারণ মানুষের মাঝে। এই প্রসঙ্গে দৈনিক ভোরের কাগজের সম্পাদক ও জাতীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শ্যামল দত্ত বলেন, রাজনীতির প্রসঙ্গ এলে বিএনপির প্রসঙ্গ প্রধান আলোচ্য। যেখানে বিএনপি নির্বাচন পূর্ব সঠিক রাজনৈতিক দৃঢ়তার পরিচয় দিতে ব্যর্থ হয়েছে। এর প্রভাব তাদের দীর্ঘ দিন ভোগ করতে হতে পারে। যা কিন্তু দেশের সামগ্রিক রাজনীতির পরিবেশের জন্যও প্রভাব বিস্তার করবে (স্বকণ্ঠে): পরিস্থিতিটা এখন একটা কঠিন অবস্থার দিকে নিয়ে গেছে। ২৮ অক্টোবরের আগ পর্যন্ত বিএনপির কর্মসূচি ছিল এক ধরনের। ২৮ শে অক্টোবরের পরে আমি এই উদাহরণটা প্রায়ই দেই, জাস্ট লাইক এ লুডু খেলা। আপনারা উঠতে উঠতে একদম চূড়ান্ত জায়গায় উঠে পড়েছেন। একটা দান দিলেই হয়তো যেতেও যেতে পারেন আবার অন্যরকমও হতে পারে। ওই দানে আসলে ওরা ভুল করে ফেলেছে।
আর সমাজ বিজ্ঞানী ঢাকা ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জিয়া রহমান মনে করেন, রাজনৈতিক কর্মসূচি প্রণয়নে ব্যর্থতায় বারবার হেরে গেছে বিএনপি। তাদের নেতৃত্বের অভাব এই সংকটকে আরো বাড়িয়েছে বলেও মন্তব্য করেন তিনি। এদিকে বিএনপি ও সমমনা দলগুলোর রাজনৈতিক কর্মকাণ্ডও স্পষ্ট না বলেও রয়েছে নানা আলোচনা।
এমন পরিস্থিতি দেশের রাজনৈতিক সংকটকে কোন দিকে এগোবে নাকি রাজনৈতিক সংকট মোকাবেলায় আরো নতুন কোন পথ খুঁজে পাবে তাই স্পষ্ট করে বলার সময় আসেনি(স্বকণ্ঠে) : যেভাবে নির্বাচনী আন্দোলনের যে কর্মসূচিগুলো দেওয়া দরকার, খুব এলোমেলো কর্মসূচি। এই সব কিছু মিলে এবং সবচেয়ে বড় কথা হচ্ছে এটা হয়তো অনেকবার, শতবার বলা হয়ে গেছে কিন্তু জনগণের সম্পৃক্ততা কতটা ছিল, এই আন্দোলনের যে জনসম্পৃক্ততা, যে প্রক্রিয়ার আন্দোলনে ধাপে ধাপে যেটা করা হয় সেটা ভেরি ফানি।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৫.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## নোতো ভূমিকম্পের পরে দুর্যোগজনিত মৃত্যু একটি প্রধান উদ্বেগের বিষয় হিসেবে রয়ে গেছে

মধ্য জাপানে একটি বিধ্বংসী ভূমিকম্প ও সুনামি আঘাত হানার পর দুই সপ্তাহ পূর্ণ হলো সোমবার। এই দুর্যোগে অন্তত ২২২ জনের প্রাণহানি ঘটেছে। দুর্যোগকর্মীরা এখনও নিখোঁজ ২২ জনের অনুসন্ধান করছেন। ত্রাণ তৎপরতা অব্যাহত থাকার মাঝে কর্মকর্তারা আশঙ্কা করছেন যে, আশ্রয়কেন্দ্রগুলোতে কঠিন পরিস্থিতি বড় ধরনের স্বাস্থ্য ঝুঁকি তৈরি করছে। ইশিকাওয়া জেলার কর্মকর্তারা বলছেন, রাস্তা অবরুদ্ধ থাকায় বেশ কিছু সম্প্রদায়ের প্রায় ৫০০ মানুষ বিচ্ছিন্ন রয়েছেন। রবিবার পর্যন্ত, প্রায় বিশ হাজার লোককে আশ্রয় দেয়া শত শত আশ্রয়কেন্দ্রে পানি এবং বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। ১৩ জন আশ্রয়প্রার্থী একটি অস্থায়ী আশ্রয়কেন্দ্রে থাকার পর আকস্মিক বা দীর্ঘস্থায়ী অসুস্থতাজনিত কারণে মারা গেছেন বলে ধারণা করা হচ্ছে। আরও "দুর্যোগজনিত মৃত্যু" রোধ করতে কর্মকর্তারা জেলার ভিতরে এবং বাইরে বেঁচে থাকা লোকদের আরও ভাল বাসস্থানে স্থানান্তরিত করার জন্য কাজ করছেন। এমন একটি বাসস্থানে সরে যাওয়ার পর, ওয়াজিমা থেকে একজন আশ্রয়প্রার্থী বলছেন যে, তিনি এখন ঘুমানোর সময় তার পা প্রসারিত করতে পারেন। তিনি বলেন, দুই সপ্তাহের মধ্যে প্রথমবারের মতো গোসল করতে পেরে তিনি খুশি। নববর্ষের দিন ভূমিকম্পজনিত কারণে আশ্রয়গ্রহণকারীদের মধ্যে অনেকেই বয়স্ক বা বিশেষ যত্নের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিরা রয়েছেন, তবে তাদের সাথে কাজ করা কর্মীরাও পরিস্থিতি সামাল দিতে সংগ্রাম করছেন। জাপানের স্বাস্থ্য মন্ত্রণালয় বলছে, তারা দেশের অন্যান্য অংশ থেকে ইশিকাওয়া জেলায় সেবা প্রদানকারী কর্মী নিয়োগ করতে শুরু করবে। মন্ত্রণালয়

দুর্যোগজনিত কারণে স্বল্পকর্মীর পরিষেবা কেন্দ্রগুলোতে অতিরিক্ত কর্মী নিয়োগের মাধ্যমে সেবা কার্যক্রমে গতি বৃদ্ধি করবে। (এনএইচকে ওয়েব পেজ: ১৫.০১.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ভারত-মালদ্বীপ সম্পর্কে আরো অবনতি

মালদ্বীপ থেকে ভারতীয় সেনা সরিয়ে নেয়ার কথা বললেন সে দেশের প্রেসিডেন্ট। ১৫ মার্চ পর্যন্ত সময়সীমা দেওয়া হয়েছে। ভারতের সঙ্গে মালদ্বীপের সম্পর্ক দীর্ঘদিনের। ১৯৮৮ সালে মালদ্বীপের সরকার-বিরোধী অভ্যুত্থান দমন করেছিল ভারতীয় সেনা। যার নাম ছিল অপারেশন ক্যাকটাস। শুধু তা-ই নয়, বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ে ভারতীয় সেনা স্থানীয় প্রশাসনের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে উদ্ধারকাজ চালিয়েছে। ভারত বরাবরই মালদ্বীপের পাশে থেকেছে কারণ, ভারতীয় মূল ভূখণ্ড থেকে মাত্র ৩০০ নটিকাল মাইলের মধ্যে মালদ্বীপ। লাক্ষাদ্বীপ থেকে মাত্র ৭০ নটিকাল মাইল দূরে। ভারত মহাসাগরের উপর অবস্থিত ছোট্ট এই দ্বীপ কৌশলগতভাবে ভারতের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ এই রাস্তাই হলো একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বাণিজ্যপথ। অন্যদিকে, ভূরাজনৈতিক দিক থেকেও এই অঞ্চলটি ভারতের জন্য গুরুত্বপূর্ণ। একারণে দীর্ঘদিন ধরেই মালদ্বীপে বিভিন্ন দিক থেকে বিনিয়োগ করেছে ভারত। সময় অসময়ে মালদ্বীপের পাশে দাঁড়িয়েছে। মালদ্বীপও ভারতকে 'বড় দাদা'র মতো দেখেছে। সমুদ্র দ্বীপটিতে ভারত একটি ছোট সেনা ঘাঁটি বানিয়েছে। যেখানে ৭০ জন ভারতীয় সেনা আছে। ভারত মহাসাগরে পেট্রলিং করেন এই সেনা অফিসারেরা। বস্তুত, এর মধ্যে ২৪ জন সেনা অফিসার আছেন একটি হেলিকপ্টারের আছে। ২৫ জন একটি ডরনিয়ার সেনা বিমানের দায়িত্বে। ২৬ জন আরেকটি হেলিকপ্টারের দায়িত্বে। দুইজন ইঞ্জিনিয়ার। এই দুইটি হেলিকপ্টার এবং ডরনিয়ার বিমানের সাহায্যে ভারত ওই অঞ্চলে নিজের সামরিক অবস্থান তৈরি করেছে। মালদ্বীপের সদ্য নির্বাচিত প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জু এই সম্পর্কটি ছিন্ন করতে চাইছেন। তার কারণ, নতুন এই প্রেসিডেন্ট চীনপন্থি। অতি সম্প্রতি চীনে গিয়ে শি জিনপিংয়ের সঙ্গে বৈঠক করে এসেছেন তিনি। সেখান থেকে ফিরেই ভারতীয় সেনা বাহিনী সরিয়ে নেওয়ার কথা বলেছেন তিনি। ১৫ মার্চের মধ্যে ভারতকে সেনা সরিয়ে নিতে হবে। অন্যদিকে, চীনের সঙ্গে বেশ কয়েকটি নতুন চুক্তি করে এসেছেন তিনি। বিশ্বব্যাংকের হিসেব বলছে, মালদ্বীপের মোট ধারের ২০ শতাংশ চীনের কাছে। অর্থাৎ, মালদ্বীপে বিরাট পরিমাণ বিনিয়োগ করে ইতিমধ্যেই করে ফেলেছে চীন। এবার তার পরিমাণ আরো বাড়বে।

ঠিক এই জায়গাতেই ভারতের চিন্তা। ভারতে 'প্রতিবেশী প্রথম' পররাষ্ট্রনীতির অন্যতম দেশ মালদ্বীপ। সেখান থেকে সেনা সরিয়ে নেওয়ার অর্থ ভূরাজনৈতিকভাবে ভারত মহাসাগরের একটি গুরুত্বপূর্ণ অবস্থান থেকে নিজেকে সরিয়ে নেওয়া। এবং একইসঙ্গে সেই কৌশলগত জায়গা চীনের হাতে তুলে দেওয়া। কূটনৈতিকভাবে ভারত নিশ্চয় চেষ্টা করবে আলোচনার মাধ্যমে এই পরিস্থিতির সুরাহা করতে। কিন্তু শেষপর্যন্ত তা কতটা সফল হবে, তা নিয়ে কূটনৈতিক মহলে যথেষ্ট প্রশ্ন আছে। ভারতীয় সেনার সাবেক লেফটন্যান্ট জেনারেল উৎপল ভট্টাচার্য ডয়চে ভেলেকে জানিয়েছেন, ''মালদ্বীপ থেকে সেনা প্রত্যাহার ভারতের জন্য বড় ক্ষতি। তার চেয়েও বড় কথা, চীন সেখানে আধিপত্য কায়েম করলে ভারতের দুয়ারে থ্রেট তৈরি হবে। ফলে কূটনৈতিক সমাধানের রাস্তা খোঁজা অত্যন্ত জরুরি।'

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৫.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### টাকা আত্মসাৎ এর কথা কেউ প্রমাণ করতে পারলে মহাসচিব পদ ছেড়ে দিব : চুন্নু

নির্বাচনে গিয়ে জাতীয় পার্টির চেয়ারম্যান ও মহাসচিব অনেক টাকা পেয়ে প্রার্থীদের না দিয়ে আত্মসাৎ করেছে এমন অভিযোগ প্রমাণ করতে পারলে মহাসচিব পদ ছেড়ে দেবেন বলে জানিয়েছেন মহাসচিব মুজিবুল হক চুন্নু। সোমবার দুপুরে রাজধানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি বলেন পরাজিত প্রার্থীরা কারো ইন্ধনে এমন সংগঠন বিরোধী বক্তব্য দিচ্ছেন। তবে কে ইন্দন দিচ্ছে তা সময়মত প্রকাশিত হবে। (রেডিও টুডে :২১৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

### বাংলাদেশ-ভারত সীমান্তের একটি শহর নিয়ন্ত্রণে নিয়েছে মিয়ানমারের একটি বিদ্রোহী গোষ্ঠী

মিয়ানমারের পশ্চিমে বাংলাদেশ ও ভারত সীমান্তের রাখাইন অঞ্চলের একটি শহর নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করেছে সেখানকার একটি বিদ্রোহী গোষ্ঠী। দেশটির বিভিন্ন প্রান্তে জান্তার সঙ্গে লড়াই করছে বিদ্রোহী বাহিনী। ইতিমধ্যে বিদ্রোহীদের কাছে বেশ কিছু অঞ্চলের নিয়ন্ত্রণ হারিয়েছে জান্তা। এর মধ্যে সর্বশেষ রাখাইনের একটি শহরে নিয়ন্ত্রণ হারানোর ঘটনা ঘটল।মিয়ানমারে বিভিন্ন দিক থেকে জান্তাবিরোধী বিদ্রোহী গোষ্ঠী গণতন্ত্রপন্থী সরকারের সমর্থনে জান্তার বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে। তাদের কাছে অনেক শহর ও সামরিক স্থাপনা খুইয়েছে জান্তা। ২০২১ সালে নির্বাচিত সরকারকে উৎখাত করে সেনা অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় আসা জান্তার জন্য বিদ্রোহীদের কাছে নিয়ন্ত্রণ হারানোকে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে।আরাকান আর্মির একজন মুখপাত্র গত রোববার বলেন, তাঁরা কালাদান নদীর তীরে অবস্থিত বন্দরনগর পালেতাওয়ার নিয়ন্ত্রণ নিয়েছেন। প্রতিবেশী দেশগুলোর মধ্যে বাণিজ্যের ক্ষেত্রে এ নগর

গুরুত্বপূর্ণ।আরাকান আর্মির পক্ষ থেকে বলা হয়েছে, `সীমান্তে স্থিতিশীলতা নিয়ে প্রশ্ন থাকলেও আমরা প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সর্বোচ্চ সহযোগিতার চেষ্টা চালিয়ে যাব।, আরাকান আর্মির মুখপাত্র খিন থু খার এক বিবৃতিতে বলা হয়, পালেতাওয়ার প্রশাসন ও আইনশৃঙ্খলার দায়িত্ব তুলে নেবে তারা।এদিকে পালেতাওয়ার নিয়ন্ত্রণ হারানো নিয়ে কোনো মন্তব্য করেনি জান্তা।(রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

## ফলকার টুর্কের বিবৃতি পক্ষপাত দুষ্ট ও পূর্ব পরিকল্পিত বলে মন্তব্য করেছে বাংলাদেশ সরকার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধান ফলকার টুর্কের বিবৃতি পক্ষপাত দুষ্ট ও পূর্ব পরিকল্পিত বলে মন্তব্য করেছে বাংলাদেশ সরকার। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, বিচ্ছিন্ন কয়েকটি ঘটনা বাদ দিলে ৭ জানুয়ারির নির্বাচন অভূতপূর্ব ভাবাকে শান্তিপূর্ণ করেছিল, যা আন্তর্জাতিক নির্বাচন পর্যবেক্ষক ও সাংবাদিকদের মতামতে উঠে এসেছে। বাংলাদেশ সরকারের বিবৃতিতে আরো বলা হয়, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধানের বিবৃতিতে মাঠ পর্যায়ের বাস্তবতাকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে, যা মানবাধিকারকে রাজনৈতিক হাতিয়ার করার জন্য একপেশে ও পক্ষপাত দুষ্ট মূল্যায়নের পুনরাবৃত্তি মাত্র।
(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

## শিখা অনির্বাণে সশস্ত্র বাহিনীর শহিদদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সশস্ত্র বাহিনীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার সকালে ঢাকা সেনানিবাসে শিখা অনির্বাণে এই শ্রদ্ধা নিবেদন করেন তিনি। এ সময় স্বাধীনতার সংগ্রামে যারা সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে কিছুক্ষণ নীরবতা পালন করেন প্রধানমন্ত্রী। তখন বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর একটি যৌথ দল তাকে গার্ড অব অনার প্রদান করে। পুষ্পস্তবক অর্পণের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিখা অনির্বাণে দর্শনার্থী বইয়ে তার অনুভূতির কথা তুলে ধরেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

## হিংসার পোশাক পরে রাজনীতি করেন প্রধানমন্ত্রী : রুহুল কবির রিজভী

বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির  রিজভী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা হিংসার পোশাক পরে রাজনীতি করেন। বেগম জিয়া জামিন পাচ্ছেন না, এমনকি তার চিকিৎসা নেওয়ার মতো মানবিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। সোমবার দুপুরে খালেদা জিয়ার সুস্থতা কামনায় বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয়তাবাদী মহিলা দল আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। রিজভী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে আইনমন্ত্রী বিচার ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। বিরোধী দলের হাজার হাজার নেতাকর্মীকে জেলে আবদ্ধ করে গোটা দেশকে কারাগারে পরিণত করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

## ইভ্যালির প্রধান নির্বাহী ও চেয়ারম্যানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

চেক প্রতারণার মামলায় ইভ্যালির প্রধান নির্বাহী মোঃ রাসেল ও চেয়ারম্যান শামীমা নাসরিনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। সোমবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোঃ আলী হায়দারের আদালত এই আদেশ দেন। এর আগে এ মামলায় তাদের আদালতে হাজির হতে সমন জারি করা হয়। তবে এদিন আসামিরা আদালতে হাজির না হওয়ায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি জারি করেন আদালত। গত ১৮ই ডিসেম্বর কাশিমপুর কারাগার থেকে জামিনে বের হন ইভ্যালির প্রতিষ্ঠাতা ও সিইও মোহাম্মদ রাসেল।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

## আয়ানের মৃত্যুর ঘটনা তদন্ত করে সাত দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা হাইকোর্টের

রাজধানীর বাড্ডা এলাকায় ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে সুন্নতে খাতনা করাতে গিয়ে শিশু আয়ানের মৃত্যুর ঘটনা তদন্ত করে সাত দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি মোস্তফা জামাল ইসলাম ও বিচারপতি মোঃ আতাবুল্লার হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। সেই সঙ্গে আয়ানের পরিবারকে পাঁচ কোটি টাকার ক্ষতিপূরণ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

## রানা প্লাজা ট্রাজেডিতে দায়ের করা হত্যা মামলা ছয় মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ আপিল বিভাগের

সাভারের রানা প্লাজা ধসে সহস্রাধিক মানুষের মৃত্যুর ঘটনায় দায়ের করা হত্যা মামলা ছয় মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ। এই সময় পর্যন্ত ভবনটির মালিক সোহেল রানার জামিন স্থগিত থাকবে বলে আদেশে বলা হয়েছে। সোমবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে চার বিচারপতির আপিল বেঞ্চ এই আদেশ দেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৫.০১.২৪ এলিনা)

**প্রতিটি মন্ত্রণালয়কে হিসাব করে চলতে হবে : প্রধানমন্ত্রী**

খাদ্যমূল্যের সঙ্গে সামঞ্জস্য করে ভোক্তার উপর চাপ কমাতে দ্রুত ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন প্রতিটি মন্ত্রণালয়কে হিসাব করে চলতে হবে। সোমবার নবগঠিত মন্ত্রিসভার বৈঠকে এই নির্দেশ দেন প্রধানমন্ত্রী। বৈঠকে সরকার প্রধান বলেন, চক্রান্ত করে পণ্যের দাম বাড়িয়ে সরকারের বিরুদ্ধে জনগণকে যাতে কেউ বিক্ষুব্ধ করতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। শেখ হাসিনা বলেন, বিএনপির দুই কাজ দুর্নীতি আর মানুষ খুন করা। তাদের দলীয় প্রধান ও দুর্নীতির দায়ে কারাদণ্ড পেয়েছেন । তবে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। কারণ জনগণের ভোটে আমরা সরকার গঠন করেছি। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসবে ৩০ শে জানুয়ারি**

দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ শে জানুয়ারি। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন সংবিধান অনুযায়ী এই অধিবেশন আহ্বান করেছেন। ওই দিন বিকাল সাড়ে তিনটায় সংসদদের বৈঠক বসবে। সোমবার জাতীয় সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এই অধিবেশনেই দ্বাদশ জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। বিরোধী দলের দায়িত্বে কোন দল বা জোট আসবে সেটাও নির্ধারণ করা হবে। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত রাখতে পাশে থাকবে ভারত : পররাষ্ট্রমন্ত্রী**

প্রথম দ্বিপাক্ষিক সফরে ভারত যাবেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন দেশের গণতান্ত্রিক ধারাবাহিকতা অব্যাহত রাখতে পাশে থাকবে ভারত। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী। এছাড়া আগামী ১৭ই জানুয়ারি বহু পাক্ষিক সফরে উগান্ডা সফরে যাবেন বলে জানান হাছান মাহমুদ। তবে প্রথম দ্বিপাক্ষিক সফর তিনি ভারতেই করতে চান বলে জানিয়েছেন। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**নতুন সরকারের পাশে থাকবে দিল্লি : প্রণয় ভার্মা**

বাংলাদেশের নতুন সরকার দায়িত্ব নেওয়ায় বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরো গতিশীল হবে বলে জানিয়েছেন ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এর আগে নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এর সঙ্গে বৈঠক করেন তিনি। এ সময় প্রণয় ভার্মা আরো জানান স্মার্ট বাংলাদেশ নির্মাণে নতুন সরকারের পাশে থাকবে দিল্লি। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**বিএনপি মহাসচিবের জামিনের আবেদনের বিষয়ে হাইকোর্টের আদেশ বহাল রেখেছে সুপ্রিম কোর্ট**

ঢাকায় দুই থানায় করা ৯ মামলায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন আবেদন গ্রহণ শুনানি ও নিষ্পত্তিতে হাইকোর্টের আদেশ বহাল রেখেছেন সুপ্রিম কোর্ট। হাইকোর্টের আদেশকে চ্যালেঞ্জ করে রাষ্ট্রপক্ষের করা আবেদন খারিজ করে আজ সোমবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে আপিল বিভাগের চার সদস্যের বেঞ্চ এই আদেশ দেন। গত বছরের ২৮শে অক্টোবর রাজধানীতে বিএনপির সমাবেশকে কেন্দ্র করে পল্টন ও রমনা থানায় মামলাগুলো করা হয়। রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**নির্বাচন কমিশনের কাছে ক্ষমা চাইলেন ধর্মমন্ত্রী ফরিদুল হক খান**

ভোট কেন্দ্রের গোপন কক্ষে না গিয়ে প্রকাশ্যে ব্যালট পেপারে সিল দেওয়ায় নির্বাচন কমিশনের কাছে ক্ষমা চেয়েছেন নতুন মন্ত্রিসভার ধর্মমন্ত্রী ফরিদুল হক খান। সোমবার নির্বাচন কমিশনের তলবে উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা দেওয়ার পর সাংবাদিকদের তিনি এ কথা জানান। গত ১১ই জানুয়ারি মন্ত্রী হিসেবে শপথের দিন ফরিদুলকে তলব করেন নির্বাচন কমিশন। গত ৭ই জানুয়ারি জামালপুরের ইসলামপুর উপজেলার পলবান্দা ইউনিয়নের সেরাবাদ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে প্রকাশ্যে ভোট দেন তিনি যা গণমাধ্যমে ছবিসহ প্রকাশিত হয়েছে।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**দাম বেশি নিলে ৩৩৩ নাম্বারে ফোন করতে পারবেন ভোক্তারা : ডাক ও টেলি যোগাযোগ প্রতিমন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক জানিয়েছেন বাজারে জিনিসপত্রের দাম বেশি নিলে ৩৩৩ নাম্বারে ফোন করে জানাতে পারবে ভোক্তারা। রমজান মাসকে সামনে রেখে ৩১ শে জানুয়ারির আগে এই সেবা চালু হবে। সোমবার সচিবালয় এক পরামর্শক সভায় একথা জানান প্রতিমন্ত্রী।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

**রাজধানীর পূর্বাচলে আগামী ২১শে জানুয়ারি থেকে শুরু হচ্ছে ২৮তম বাণিজ্য মেলা**

রাজধানীর পূর্বাচলের বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে আগামী ২১ জানুয়ারি থেকে শুরু হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্য মেলা। বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা হায়দার আলী সোমবার গণমাধ্যমকে

এই তথ্য নিশ্চিত করেছেন। ২০২২ সাল থেকে পূর্বাচলে স্থায়ী কেন্দ্রে বাণিজ্য মেলা আনুষ্ঠানিকভাবে শুরু হয়। পূর্বাচলে বঙ্গবন্ধু এক্সিবিশন সেন্টারে তৃতীয় বারের মত এবার বসছে মেলা। রাজধানীতে এটি বাণিজ্য মেলার ২৮তম আসর।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

## এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতে থাকলে আমরা অসভ্য জাতিতে পরিণত হতে পারি: হাইকোর্ট

প্যারোলে মুক্তি পেয়ে ডাণ্ডাবেড়ি পরা অবস্থায় পটুয়াখালীর ছাত্রদল নেতা নাজমুল মৃধার বাবার জানাজায় অংশ নেওয়ার ঘটনায় অসন্তোষ প্রকাশ করেছে হাইকোর্ট। আজ সোমবার বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোহাম্মদ আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ বিষয়ে বলেছেন একের পর এধরনের ঘটনা ঘটতে থাকলে আমরা অসভ্য জাতিত পরিণত হতে পারি। বাবার জানাজায় ডাণ্ডাবেড়ি পায়ে ছাত্রদলের নেতা শিরোনামে রোববার গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। ওই প্রতিবেদন নজরে এনে সুপ্রিম কোর্টের আইনজীবী কায়সার কামাল এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনার আর্জি জানালে হাইকোর্ট বেঞ্চ এই মন্তব্য করেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

## সম্রাটকে স্থায়ী জামিন দিয়েছেন আদালত

২২২ কোটি টাকার মানিলন্ডারিং মামলায় বহিষ্কৃত যুবলীগ নেতা ইসমাইল হোসেন চৌধুরী সম্রাটকে স্থায়ী জামিন দিয়েছেন আদালত। সোমবার তাকে জামিন দিয়েছেন বিশেষ আদালত-৬ এর বিচারক মঞ্জুরুল ইমাম। মামলায় অভিযোগ গঠনের শুনানি স্থগিত রাখার আবেদনও মঞ্জুর করেছেন বিচারক।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০১.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## শিখা অনির্বাণে বীর শহিদদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সশস্ত্র বাহিনীর বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। আজ সোমবার সকালে ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী। পুষ্পস্তবক অর্পণের পর সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন প্রধানমন্ত্রী। সেনাবাহিনী, নৌ ও বিমান বাহিনীর একটি সুসজ্জিত দল এ সময় গার্ড অব অনার প্রদান করে। এসময় বিউগলে করুণ সুর বাজানো হয়। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিখা অনির্বাণ প্রাঙ্গণে রক্ষিত দর্শনার্থী বইয়েও স্বাক্ষর করেন। এর আগে প্রধানমন্ত্রী শিখা অনির্বাণে পৌঁছালে তিন বাহিনীর প্রধান তাকে অভ্যর্থনা জানান। পুষ্পস্তবক অর্পণের পর তিনি সশস্ত্র বাহিনী বিভাগে যান এবং সেখানে প্রধানমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা এবং তিন বাহিনীর প্রধানরা তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## কারসাজি যারা করে তাদের নজরদারিতে রাখতে হবে : প্রধানমন্ত্রী

পণ্যমূল্য নিয়ন্ত্রণে সংশ্লিষ্টদের পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, 'বাজারে পণ্যের দাম নিয়ে যারা কারসাজি করে তাদের নজরদারিতে রাখতে হবে।' একই সঙ্গে আসন্ন রমজানে সরবরাহ ও দ্রব্যমূল্য ঠিক রাখার নির্দেশ দিয়েছেন তিনি। আজ সোমবার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গঠিত নতুন সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। টানা চারবারের প্রধানমন্ত্রী বলেন, 'এখন যেটা সবচেয়ে বেশি আলোচিত সেটা হচ্ছে মূল্যস্ফীতি। পণ্যের মূল্য বেশি অথচ খাদ্যপণ্যের অভাব নেই।' শেখ হাসিনা বলেন, 'সামনে রমজান মাস। আমাদের খাদ্যপণ্য আনে সীমিত কয়েকটি গ্রুপ। তারাও এখানে সবসময় একটা খেলা খেলতে চায়। সেই ক্ষেত্রে এখন থেকে আমাদের প্রস্তুতি নিতে হবে।' তিনি বলেন, 'রমজান মাসে যে পণ্যগুলো আমাদের বেশি লাগে সেগুলোর মূল্য যেন ঠিক থাকে এবং সেগুলো যেন বাজারে পাওয়া যায়, সরবরাহ যেন ঠিক থাকে। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিতে হবে।' পণ্যের দাম কৃষক এবং ভোক্তা উভয়ের জন্য সামঞ্জস্যপূর্ণ করতে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'এটা একটা অদ্ভুত ব্যাপার, খাদ্যপণ্যের যখন দাম বাড়ে তখন কৃষক খুশি হন। কিন্তু যারা ভোক্তা তারা দুঃখ পান। তাদের ওপর চাপ এসে পড়ে। এটাকে ভারসাম্যপূর্ণ করতে হবে, এটাকে কীভাবে সামঞ্জস্যপূর্ণ করা যায় এ বিষয়ে আমাদের খুব দ্রুত ব্যবস্থা নিতে হবে।' সরকারপ্রধান আরো বলেন, আমাদের প্রবৃদ্ধি যেটা হবে, মূল্যস্ফীতি তার চাইতে কম থাকতে হবে। তাহলেই তার সুফলটা দেশের সাধারণ মানুষ পাবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## দুর্নীতি-অনিয়ম বরদাস্ত করব না : মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'কোনো ধরনের দুর্নীতি-অনিয়ম আমি বরদাস্ত করব না। সরকারি কেনাকাটাসহ সব ক্ষেত্রে স্বচ্ছতা-জবাবদিহি নিশ্চিত করতে হবে।' আজ সোমবার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গঠিত নতুন সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রী বলেন, 'সরকার পরিচালনার স্বচ্ছতা-জবাবদিহি নিশ্চিত করতে হবে। সরকারি আয়-ব্যয় ও ক্রয় এসব বিষয়ে বিশেষ দৃষ্টি দিতে হবে এবং স্বচ্ছতা-জবাবদিহিতার সঙ্গে করতে হবে। এখানে কোনো ধরনের দুর্নীতি-অনিয়ম বরদাস্ত করবো না।' তিনি বলেন, 'দুর্নীতি

দেশের জন্য ভালো নয়। আমাদের যতটুকু সম্পদ আমরা যথাযথভাবে কাজে লাগাবো। আর্থিক শৃঙ্খলা বজায় রেখে এগোবো।' শেখ হাসিনা বলেন, 'আমাদের সীমিত সম্পদ, জনসংখ্যা বেশি। আমাদের সীমিত সম্পদ দিয়েই জনগণের কল্যাণ করতে হবে।' সামাজিক সুরক্ষা খাতে স্বচ্ছতা নিশ্চিত করার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'বয়স্কভাতা ও সামাজিক সুরক্ষা ভাতা সঠিক লোক যথাযথভাবে যেন পায়, সেদিকেও দৃষ্টি দিতে হবে।' মাদক নিয়ন্ত্রণে আনতে সংশ্লিষ্টদের ব্যবস্থা নিতে বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## ভারত আমাদের পাশে ছিল এবং আছে : পররাষ্ট্রমন্ত্রী

গণতান্ত্রিক ধারাবাহিকতা রক্ষায় ভারত আমাদের পাশে ছিল এবং আছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে আসেন। সাক্ষাৎ শেষে মন্ত্রী এ কথা বলেন। হাছান মাহমুদ বলেন, 'ভারতীয় হাইকমিশনার আমার সঙ্গে মূলত সৌজন্য সাক্ষাতে এসেছেন। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে এই প্রথম কোনো রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎ হয়েছে। আমাদের মধ্যে নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। কানেকটিভিটি ইস্যু, সীমান্ত হাট, বাণিজ্য সম্প্রসারণ, বিশেষত ভারতীয় রুপি ও বাংলাদেশি টাকার বিনিময়ের মাধ্যমে আমাদের বাণিজ্যকে আরো সম্প্রসারণ নিয়ে কথা হয়েছে। রুপি ও টাকার বিনিময় এরই মধ্যে শুরু হয়েছে। অল্পকিছু বাণিজ্যও হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, `এটিকে আরো কীভাবে সম্প্রসারণ ও জনপ্রিয় করা যায়, সবার কাছে পরিচিত করা যায় তা নিয়ে কথা হয়েছে। সেটি হলে ডলার কিংবা অন্য মুদ্রার ওপর আমাদের নির্ভরশীলতা কমে যাবে, ভারতেরও কমবে। দুই দেশের বাণিজ্য সম্প্রসারণ সহায়ক হবে। দুই দেশের জনগণের মধ্যে সংযোগ বাড়ানো নিয়েও আমাদের মধ্যে কথা হয়েছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## প্রকাশ্যে ভোটদানের বিষয়ে নির্বাচন কমিশনে ব্যাখ্যা দিয়েছেন ধর্মমন্ত্রী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জামালপুর-২ আসনে প্রকাশ্যে ভোটদানের বিষয়ে নির্বাচন কমিশন, ইসিতে ব্যাখ্যা দিয়েছেন ধর্মমন্ত্রী ফরিদুল হক খান। ব্যাখ্যা প্রদান শেষে তিনি বলেন, 'আমার বিশ্বাস গুরুতর কোনো অপরাধ যদিও বা না থাকে তারপরও আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ করেছি। আজ সোমবার বিকেলে আগারগাঁও নির্বাচন ভবনের সভাকক্ষে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দেন তিনি। ধর্মমন্ত্রী বলেন, 'বাংলাদেশ সরকার সংবিধান রেখেছে, আইন রেখেছে এবং আমি আইনের উর্ধ্বে নই, কেউই আইনের উর্ধ্বে নই। অতএব বিধান অনুসারে নির্বাচন কমিশন আমাদের উপস্থিত হওয়ার জন্য বলেছে। আমি উপস্থিত হয়েছি, আমার কথা বলেছি। আমার বিশ্বাস গুরুতর কোনো অপরাধ যদিও বা না থাকে তারপরও আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে বলেছি, ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করেছি।' ইসি কী বলেছে, জানতে চাইলে মন্ত্রী বলেন, 'কমিশন বলেছে বিষয়টি দেখবে।' আপনার কর্মকাণ্ডে আওয়ামী লীগ বিব্রত কি না, এমন প্রশ্নের জবাবে ফরিদুল হক খান বলেন, 'না, আওয়ামী লীগ বিব্রত না, কেউ বিব্রত না।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## দ্রব্যমূল্য নিয়ে অভিযোগ জানানো যাবে ৩৩৩-এ : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

চলতি মাসের মধ্যেই দ্রব্যমূল্য নিয়ে ৩৩৩-এ অভিযোগ জানানো যাবে বলে জানিয়েছে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। আজ সোমবার সচিবালয়ে বাজার সংক্রান্ত অংশীজনদের অংশগ্রহণে আয়োজিত `বাজার দরে অধিক স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং এ বিষয়ে ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী পরিবর্তন আনা, সংক্রান্ত পরামর্শক সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন প্রতিমন্ত্রী। জুনাইদ আহমেদ পলক বলেন, '৩৩৩ কল সেন্টার আগে থেকেই সক্রিয় আছে। সেখানে একটি ডিজিট যুক্ত করে দেওয়া হবে। সেখানে ভোক্তা যে কোনো বাজার থেকে দ্রব্যমূল্যের বিষয়ে তার অভিযোগ জানাতে পারবেন। একই সঙ্গে একটি ওয়েবসাইট তৈরি করা হবে। সেখানে প্রতিদিনের দ্রব্যমূল্য দেওয়া থাকবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## টাকা নিয়েছি প্রমাণ করতে পারলে পদত্যাগ করব : মুজিবুল হক চুন্নু

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে জাতীয় পার্টি ক্ষমতাসীনদের কাছ থেকে টাকা নিয়েছে এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে দলটির মহাসচিব মুজিবুল হক চুন্নু বলেছেন, 'আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি বাংলাদেশের কোনো লোক যদি বলতে পারে আমি বা চেয়ারম্যান কারো কাছ থেকে টাকা নিয়েছি দলের জন্য বা পার্টিকে দেওয়ার জন্য তাহলে আমি পদত্যাগ করব।' আজ সোমবার দুপুরে বনানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে এ চ্যালেঞ্জ জানান চুন্নু। এর আগে রোববার নির্বাচনে ভরাডুবি, অনিয়মসহ নানা অভিযোগে জাপার পরাজিত প্রার্থীরা বিশেষ সভা করেন। সেখানে তারা অভিযোগ করেন ক্ষমতাসীনদের কাছ থেকে টাকা নিয়েছে হাইকমান্ড। এ বিষয়ে চুন্নু বলেন, 'এইগুলো হলো গসিপিং। অনেকেই মনে করেছে আওয়ামী লীগের সঙ্গে যেহেতু আমাদের কথাবার্তা হয়েছে, ২৬টা সিট দিয়েছে। তাদের ধারণা আমাদের অনেক টাকা দিয়েছে। শত শত কোটি টাকা দিয়েছে, প্রার্থীদের কেন আমরা টাকা দিলাম না।

এটা তাদের মনের আসল ব্যথা। ইলেকশন ঠিকমত হয় নাই, তারা পাস করে নাই, এইটা আসল ব্যথা না। দুই একজন ছাড়া বাকিদের আসল ব্যথা আমরা শত কোটি টাকা পেয়েছি, তাদের দেই নাই।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## খালেদা জিয়ার মানবিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে : রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'বেগম খালেদা জিয়া আজ জামিন পাচ্ছেন না। চিকিৎসা পাচ্ছেন না, চিকিৎসা নেওয়ার মানবিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। শেখ হাসিনা এমন পাহাড় তার কাছে কোনো দাবি পৌঁছায় না, হিংসার পোশাক পরে তিনি রাজনীতি করেন।' আজ সোমবার দুপুরে রাজধানীতে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের নিচে জাতীয়তাবাদী মহিলা দল আয়োজিত খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, 'যে মিথ্যাবাদী হতে পারে ও মুনাফিক হতে পারে তারাই আওয়ামী লীগ করে। আওয়ামী লীগ তত্ত্বাবধায়ক সরকারের জন্য এক সময় আগুন সন্ত্রাস করে আন্দোলন করেছিল। বর্তমানে সেই আওয়ামী লীগ বিরোধী দলকে বিভিন্ন ষড়যন্ত্রের মাধ্যমে দমন-পীড়নে ব্যস্ত থেকে দেশে একদলীয় শাসন কায়েম করছে। ডামি নির্বাচনের মাধ্যমে দেশের গণতন্ত্রকে ধ্বংস করেছে সরকার।' তিনি আরো বলেন, 'আইনমন্ত্রী প্রধানমন্ত্রীর নির্দেশে দেশের বিচারব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। বিরোধী দলীয় হাজার হাজার নেতা-কর্মীকে জেলে আবদ্ধ করে গোটা দেশকে কারাগারে পরিণত করেছে সরকার।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের একগুচ্ছ নির্দেশনা দিলেন প্রধানমন্ত্রী

নতুন সরকার গঠনের পর প্রথম মন্ত্রিসভা বৈঠকে মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের একগুচ্ছ নির্দেশনা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে নতুন সরকারের প্রথম আনুষ্ঠানিক মন্ত্রিসভা বৈঠক হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন সাংবাদিকদের ব্রিফ করেন। বৈঠকের বরাত দিয়ে তিনি বলেন, 'মন্ত্রিপরিষদের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানানো হয়। প্রধানমন্ত্রী তার তরফ থেকে মন্ত্রীদের নির্দেশনা দিয়েছেন।' মন্ত্রিপরিষদ সচিব আরো বলেন, 'সবচেয়ে বেশি যে বিষয়টির ওপর প্রধানমন্ত্রী জোর দিয়েছেন তা হলো মুদ্রাস্ফীতি এবং দ্রব্যমূল্য। মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য তিনি সর্বাত্মক প্রচেষ্টা নিতে সংশ্লিষ্ট মন্ত্রীদের নির্দেশনা দিয়েছেন। বিশেষত, আগামী রমজানে যেন দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে থাকে এবং রমজানে যেসব পণ্যের চাহিদা বাড়ে, সেগুলোর সরবরাহ পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে ব্যাপারেও নির্দেশনা দিয়েছেন।' তিনি বলেন, 'আওয়ামী লীগের পক্ষ থেকে নির্বাচনি যে ইশতেহার দেওয়া হয়েছিল, সে মোতাবেক সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়কে নির্দেশনা দেওয়া হয়েছে। ইশতেহারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়গুলোর উপর ভিত্তি করে যেন কর্মপরিকল্পনা নেওয়া হয় এবং সেই কর্মপরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও মনিটরিং করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## প্রথম সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন

নির্বাচনের পর দ্বাদশ জাতীয় সংসদের উদ্‌বোধনী অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। আজ সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে এ অনুমোদনের কথা জানান। সংবিধানের ৭৩ এর ২ ধারা অনুযায়ী, সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম অধিবেশনের সূচনায় এবং প্রতি বছরের প্রথম অধিবেশনের শুরুতে রাষ্ট্রপতি সংসদে ভাষণ দেন। মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'যখন নতুন সরকার শুরু করে বা বছরের শুরুতে যে অধিবেশন হয় সেই অধিবেশনে রাষ্ট্রপতি ভাষণ দেন। সেই ভাষণের খসড়া উপস্থাপন করা হয়েছিল, সেটি অনুমোদন করা হয়েছে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## বিশ্বাসের মর্যাদা দিয়ে সবাইকে কাজ করতে হবে : প্রধানমন্ত্রী

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে মানুষ কষ্টে আছে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আমরা দ্রব্যমূল্য নিয়ে কাজ করছি। মূল্যস্ফীতি কমিয়ে এনেছি। তারপরও কিছু মানুষ চক্রান্ত করে দ্রব্যমূল্য বাড়াচ্ছে। এসব নিয়ে আমরা কাজ করছি।' আজ সোমবার বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের যৌথ সভায় তিনি এসব কথা বলেন। দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ, উপদেষ্টা পরিষদ, ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগ এবং সব সহযোগী সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকরা যৌথ সভায় অংশ নেন। নিম্নআয়ের মানুষের জন্য কাজ করা হচ্ছে জানিয়ে শেখ হাসিনা বলেন, 'আমরা ফ্যামিলি কার্ড করে দিচ্ছি। এর সুফল পাচ্ছেন সীমিত আয়ের মানুষ। চাকরিজীবীদের বেতন-ভাতা বাড়ানো হয়েছে। এছাড়া উন্নয়নের যে কাজ চলছে, তা আমাদের শেষ করতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে।' এসময় বিএনপির ষড়যন্ত্র নিয়ে আওয়ামী লীগ সভাপতি বলেন, 'বাংলাদেশ নিয়ে বিএনপির ষড়যন্ত্র থামেনি। বিএনপির দুই কাজ, দুর্নীতি ও মানুষ খুন করা। তাদের দলীয় প্রধানও দুর্নীতির দায়ে কারাদণ্ড পেয়েছেন।

তবে আমাদের দেশকে এগিয়ে নিতে কাজ করতে হবে। কারণ জনগণের ভোটে আমরা সরকার গঠন করেছি। জনগণের আস্থা ও বিশ্বাস আমরা পেয়েছি। এ বিশ্বাসের মর্যাদা দিয়ে সবাইকে কাজ করতে হবে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

**ক্ষমতায় আসা খুব জরুরি ছিল : প্রধানমন্ত্রী**

দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আওয়ামী লীগের ক্ষমতায় আসা খুব জরুরি ছিল বলে মনে করেন দলটির সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দলের এক যৌথসভায় তিনি বলেন, 'নির্বাচন যেন না হয় সেজন্য অনেক চক্রান্ত ছিল, কিন্তু চক্রান্তকারীরা ব্যর্থ হয়েছে। দেশকে এগিয়ে নেওয়ার জন্য আওয়ামী লীগের ক্ষমতায় আসা খুব জরুরি ছিল। কারণ ইশতাহার দিয়ে ওয়াদা পূরণ করবে আওয়ামী লীগ, আর দেশের উন্নয়নও আওয়ামী লীগের হাতে।' আজ সোমবার বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের যৌথসভায় তিনি এসব কথা বলেন। নির্বাচন ঘিরে বিএনপি অনেক চক্রান্ত করেছে বলে অভিযোগ করে শেখ হাসিনা বলেন, 'সহিংসতার জন্য বিএনপিকে কোনো দলীয় উসকানি দেয়নি আওয়ামী লীগ, পুলিশও অনেক সহনশীল ও সংযত ছিল। তবু বিএনপি দেশের মধ্যে সহিংসতা করেছে। এখন তারা বিদেশি মুরুব্বিদের কাছে ধরণা দিচ্ছে। ভবিষ্যতে তারা এমন কর্মকাণ্ড আরো করতেই থাকবে।' নির্বাচনে জয়-পরাজয় মেনে নিয়ে সবাইকে উন্নয়নের জন্য কাজ করার আহ্বান জানিয়ে আওয়ামী লীগ সভাপতি বলেন, 'এবারের উন্মুক্ত নির্বাচনে অনেক দলীয় প্রার্থীই হেরেছেন, কেউ কেউ জিতেছেন। হার-জিত যাই হোক সেটা মেনে নিয়ে সামনে এগিয়ে যেতে হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

**বাংলাদেশের অবাধ-সুষ্ঠু নির্বাচনের প্রশংসা স্কটিশ এমপির**

বাংলাদেশের দ্বাদশ সংসদের ভোট সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও সন্ত্রাসমুক্তভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জড়িত সবাইকে ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশ সফররত স্কটিশ সংসদ সদস্য ফয়সল চৌধুরী। আজ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করে তিনি এ প্রশংসা করেন। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি নূরে এলাহী মিনা গণমাধ্যমকে বলেন, 'শেখ হাসিনা প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় স্কটিশ সংসদ সদস্য সেদেশের পার্লামেন্টের ক্রস পার্টি গ্রুপের পক্ষ থেকে তাকে অভিনন্দন জানান। তিনি বলেন, বাংলাদেশ পার্লামেন্টের সঙ্গে তাদের পারস্পরিক দ্বিপাক্ষিক উন্নয়ন কার্যক্রম চালিয়ে যেতে আগ্রহী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে শুভেচ্ছা জানানোর জন্য স্কটিশ এমপি ও তার সরকারকে ধন্যবাদ জানান।' এ সময় অ্যাম্বাসেডর অ্যাট লার্জ এম জিয়াউদ্দিন ও মুখ্যসচিব এম তোফাজ্জেল হোসেন মিয়া উপস্থিত ছিলেন।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

**প্রধানমন্ত্রীর সঙ্গে দুই উপদেষ্টার শুভেচ্ছা বিনিময়**

টানা চতুর্থবারের মতো সরকার গঠন করে নিজের উপদেষ্টাদেরও নিয়োগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ছয় উপদেষ্টার মধ্যে দুইজন তার সঙ্গে ফুলেল শুভেচ্ছা বিনিময় করেছেন। আজ সোমবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আজ দুপুরে তার কার্যালয়ে নবনিযুক্ত দুই উপদেষ্টা ড. গওহর রিজভী এবং ড. কামাল আব্দুল নাসের চৌধুরী ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এর আগে গত ১১ জানুয়ারি নতুন মন্ত্রিসভা গঠনের পাশাপাশি নিজের ছয়জন উপদেষ্টাও নিয়োগ দেন প্রধানমন্ত্রী। তাদের মধ্যে পাঁচজন আগেও ছিলেন। উপদেষ্টা হিসেবে নতুন মুখ প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব কামাল আবদুল নাসের চৌধুরী। অন্য পাঁচ উপদেষ্টার মধ্যে মসিউর রহমান অর্থনৈতিক বিষয়ক, গওহর রিজভী আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক, তৌফিক-ই-ইলাহী চৌধুরী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক, সালমান এফ রহমান বেসরকারি শিল্প ও বিনিয়োগ এবং মেজর জেনারেল অবসরপ্রাপ্ত তারিক আহমেদ সিদ্দিক নিরাপত্তা উপদেষ্টা ছিলেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

**সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রথম অফিস করলেন ডা. দীপু মনি**

নতুন মন্ত্রিসভায় সমাজকল্যাণ মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করে প্রথম অফিস করলেন ডা. দীপু মনি। আজ সোমবার দুপুরে সচিবালয়ে পৌঁছালে তাকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ খায়রুল আলম শেখসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা ফুলেল সংবর্ধনা দিয়ে দফতরে নিয়ে যান। এসময় মন্ত্রণালয়ের অধীনস্ত দফতর ও সংস্থা প্রধানরা উপস্থিত ছিলেন। মন্ত্রী তার দফতরে সব পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে পরিচয় পর্ব শেষে মন্ত্রণালয় ও দফতর-সংস্থার কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চাঁদপুর-৩ সংসদীয় আসন থেকে নির্বাচিত হয়ে গত ১১ জানুয়ারি মন্ত্রিপরিষদ সদস্য হিসেবে শপথ নেন ডা. দীপু মনি। সদ্য সাবেক শিক্ষামন্ত্রী দীপু মনি সরকারের প্রথম নারী শিক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সাবেক পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, মানবাধিকার বিষয়ক সর্বদলীয় সংসদীয় গ্রুপের সভাপতি ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী ছিলেন। ডা. দীপু মনি বাংলাদেশ ও দক্ষিণ এশিয়ার প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী ছিলেন। তিনি বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## পণ্যের দাম সহনীয় রাখতে ব্যবসায়ীদের প্রতি শিল্পমন্ত্রীর আহ্বান

আগামী রমজানে বিশেষ করে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সহনীয় পর্যায়ে রাখতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, 'রমজানকে সামনে রেখে কিছু অসাধু ব্যবসায়ী অধিক মুনাফার আশায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বাড়িয়ে দেন। এটি ধর্মীয় বা নৈতিকভাবে সমর্থনযোগ্য নয়।' আজ সোমবার শিল্পভবনে তার কার্যালয়ে ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির নব নির্বাচিত পরিচালনা পর্ষদের সদস্যরা সাক্ষাতে এলে এ আহ্বান জানান শিল্পমন্ত্রী। শিল্পমন্ত্রী বলেন, 'বিদ্যমান বৈশ্বিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিরতার বিষয়টি মোকাবিলায় আমাদের অভ্যন্তরীণ সম্পদের সুষম ব্যবহার নিশ্চিতকল্পে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি যথাযথ বাস্তবায়ন একান্ত অপরিহার্য।' সারাদেশে বিসিকের অব্যবহৃত প্লটগুলোতে শিল্পকারাখানা স্থাপন ও বিনিয়োগে এগিয়ে আসার জন্য তিনি উদ্যোক্তাদের আহ্বান জানান এবং শিল্প মন্ত্রণালয় হতে এ ব্যাপারে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## প্রতিমন্ত্রী নসরুল হামিদের ক্ষমতা বাড়লো

প্রতিমন্ত্রী নসরুল হামিদের ক্ষমতা বাড়লো। আগে তিনি বিদ্যুৎ বিভাগের প্রতিমন্ত্রী থাকলেও নতুন করে তাকে পুরো বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। এতে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগও তার আওতায় এলো। নসরুল হামিদের দায়িত্ব পুনর্বণ্টন করে আজ সোমবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। গত ১১ জানুয়ারি শপথ নেয় নতুন মন্ত্রিসভা। ওই দিনই শপথের পর প্রধানমন্ত্রীসহ ৩৭ সদস্যের মন্ত্রিসভার ২৫ মন্ত্রী ও ১১ প্রতিমন্ত্রীর মন্ত্রণালয় বণ্টন করে প্রজ্ঞাপন জারি করা হয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের দুটি বিভাগ রয়েছে, বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ। ওইদিন বিদ্যুৎ বিভাগের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয় নসরুল হামিদকে। যদিও তিনি আগের মন্ত্রিসভায় পুরো মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে ছিলেন। এখন পুরো মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়ায় জ্বালানি বিভাগও তার অধীনে এলো।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

## দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু ৩০ জানুয়ারি

দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি, মঙ্গলবার। আজ সোমবার জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ পরিচালক মোঃ তারিক মাহমুদ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। এতে বলা হয়, 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন আগামী ৩০ জানুয়ারি রোজ মঙ্গলবার বিকেল তিনটায় ঢাকার শেরেবাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে দ্বাদশ জাতীয় সংসদের প্রথম ও ২০২৪ সালের প্রথম অধিবেশন আহ্বান করেছেন। তিনি বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদের ১ দফায় প্রদত্ত ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেছেন বলেও জানানো হয়।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৫.০১.২০২৪ প্রতীক)

# BBC

### UKRAINE SAYS IT SHOT DOWN RUSSIAN SPY PLANE

Ukraine's military says it has shot down a Russian military spy plane over the Sea of Azov, in what analysts say would be a blow to Moscow's air power. Army chief Gen Valerii Zaluzhnyi said the air force had destroyed an A-50 long range radar detection aircraft, and an Il-22 air control centre. The A-50 detects air defences and coordinates targets for Russian jets. Ukraine has struggled to make significant recent advances against Russian forces in the south-east. (BBC Web Page: 15/01/24, FARUK)

### NAURU CUTS TIES WITH TAIWAN IN FAVOUR OF CHINA

One of Taiwan's last diplomatic allies has cut ties with the island in favour of Beijing, just days after a new president was voted in Taipei. Nauru, a tiny Micronesian island, was just one of 12 countries that kept diplomatic ties with Taipei. But in recent years, Beijing - which insists Taiwan is part of China - has been poaching its diplomatic allies. Taiwan suggests this latest loss is related to the weekend's election results, which angered China.
(BBC Web Page: 15/01/24, FARUK)

### WE WILL NOT HESITATE TO ACT AGAINST HOUTHIS: UK PM

Rishi Sunak has said his government "will not hesitate to protect our security", following joint US-UK strikes on Houthi targets in Yemen. He said the action aimed to send a strong message to Houthi rebels that attacks on commercial shipping in the Red Sea were "unacceptable". This is the first time Mr Sunak has committed the UK to new military action since becoming PM in October 2022. On Monday afternoon, he will take questions from MPs about the strikes. Speaking to reporters, Mr Sunak defended the action, saying it had been the last resort following exhaustive diplomatic activity. (BBC Web Page: 15/01/24, FARUK)

**CYCLONE BRINGS HEAVY RAIN TO REUNION AND MAURITIUS**

Torrential rain and flooding have hit Mauritius and the French territory of Reunion, in the Indian Ocean, as Cyclone Belal crosses the islands. One person was killed in Reunion, where the population of some 8,60,000 people was ordered to shelter at home, but authorities said the eye of the storm had avoided the island. Around a quarter of households on the island had no electricity on Monday. Officials on Mauritius say the storm will pass to the south on Tuesday. Authorities in Reunion had raised the storm alert level to violet, the highest level, as the cyclone approached the island. (BBC Web Page: 15/01/24, FARUK)

**DURBAN BREACHES CLOSED AFTER DEVASTATING FLOODS IN SA**

At least 11 people have died after heavy rains and severe floods hit South Africa's KwaZulu-Natal (KZN) province at the weekend. The severe weather conditions have also caused widespread devastation, including damaging property and infrastructure, cutting off power, displacing dozens and trapping several other residents in their homes or vehicles. Authorities have closed several public swimming pools and breaches in Durban as a precautionary measure. The South African Weather Service has predicted that heavy rains and thunderstorms will continue throughout the week, reaching peak levels on Wednesday and Thursday. (BBC Web Page: 15/01/24, FARUK)

**US SHOOTS DOWN MISSILE FROM YEMEN FIRED AT WARSHIP**

The US military says it has shot down a missile fired towards one of its warships from a Houthi area of Yemen. The anti-ship cruise missile - fired towards the USS Laboon in the Red Sea - was downed off the coast of Hudaydah by a US fighter aircraft. No injuries or damage were reported in the incident on Sunday afternoon. It comes after the US and UK launched strikes aimed at degrading the military capability of the Houthis, who have been attacking Red Sea cargo ships. The US and UK hit nearly 30 locations in Yemen on Friday, reportedly including arms depots, logistical hubs and air defence systems.
(BBC Web Page: 15/01/24, FARUK)

**MALDIVES ULTIMATUM ON TROOPS DEEPENS ROW WITH INDIA**

Bilateral ties between the Maldives and India - that have hit rock-bottom in recent weeks - have taken another tumble after Male formally asked Delhi to withdraw its troops from the island nation by 15 March. The demand was conveyed at the first meeting of a high-level core group between the two sides held on Sunday in the Maldivian capital of Male. Indian military personnel cannot stay in the Maldives. That's the policy of this administration, Abdulla Nazim Ibrahim, the public policy secretary in President Mohamed Muizzu's office, said. There are about 80 Indian troops in the Maldives - Delhi says they are based there to maintain and operate two rescue and reconnaissance helicopters and a Dornier aircraft it had donated years ago. (BBC Web Page: 15/01/24, FARUK)

**MINE LANDSLIDE KILLS 22 PEOPLE IN TANZANIA**

Twenty-two people have died following a landslide at an illegal mine in northern Tanzina, officials said. The incident occurred at Ng'alita mine in Bariadi district, Simiyu region on Saturday, district commissioner Simon Simalenga said. It occurred after a group of people started mining in an area where activity was restricted due to heavy rains, he told Reuters news agency. President Samia Suluhu Hassan expressed her great sadness at the news. Mr Simalenga said he was initially told that there were 19 to 20 people trapped in the mines, but that 22 bodies ended up being retrieved. (BBC Web Page: 15/01/24, FARUK)

**WOMAN KILLED, 12 HURT IN ISRAEL CAR-RAMMING ATTACK**

A 70-year-old woman has been killed and 12 other people injured in what police say was a terrorist attack in Israel. They say two Palestinians from the occupied West Bank have been arrested over the incident in Raanana, about 20km north of Tel Aviv. The suspects allegedly switched between three stolen vehicles and ran over pedestrians in different places. The attack came as the war between Israel and the Palestinian group Hamas in Gaza passed the 100-day mark. (BBC Web Page: 15/01/24, FARUK)

**:: THE END ::**